ঘ. উদ্দীপকে উল্লিখিত উচ্চতায় কৃত্রিম উপগ্রহটি স্থায়ী হবে কি? বিশ্লেষণ কর। ৪

৪ ▶ 24 ঘণ্টায় নিজ অক্ষে আবর্তনরত এ পৃথিবীতে একটি বস্তুর ওজন সর্বত্র সমান হওয়া সম্ভব নয়।

পৃথিবীর ব্যাসার্ধ,  $6.4 \times 10^3$  km  
অভিকর্ষজ ত্বরণ,  $9.8$  m s<sup>-2</sup>


- ক. ভারকেন্দ্র কী? ১  
খ. ভূপৃষ্ঠ থেকে যতই নিচে যাওয়া যায় অভিকর্ষজ ত্বরণের মান ততই কমতে থাকে- ব্যাখ্যা কর। ২  
গ. পৃথিবীর মেরু বিন্দুতে অভিকর্ষজ ত্বরণের মান নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকে পৃথিবীর বিষুবীয় অঞ্চলে একটি বস্তুর ওজন শূন্য হতে হলে কৌণিক বেগের মান বৃদ্ধি করতে হবে- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ 2 m দৈর্ঘ্যের দুটি তারের ব্যাস যথাক্রমে 2 mm ও 3 mm। তার দুটির প্রত্যেকটিতে  $7 \times 10^3$  N বল প্রয়োগ করা হলে এদের দৈর্ঘ্য যথাক্রমে 5% ও 2% বৃদ্ধি পেল।

- ক. স্থিতিস্থাপক গুণাঙ্ক কী? ১

- খ. পারদের আয়তন গুণাঙ্ক  $2 \times 10^{10}$  Nm<sup>-2</sup> বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের প্রথম তারটির একক আয়তনে সঞ্চিত স্থিতিস্থাপক শক্তি বের কর। ৩  
ঘ. উদ্দীপকের কোন তারটির স্থিতিস্থাপক সীমা বেশি? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে মতামত প্রদান কর। ৪

৬ ▶



ববের ভর, 0.05 kg; দোলকটির কার্যকর দৈর্ঘ্য, 1 m  
অভিকর্ষজ ত্বরণ,  $9.8$  m s<sup>-2</sup>

- ক. ইপক কী? ১  
খ. বৈদ্যুতিক পাখার গতি পর্যাবৃত্ত গতি- ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকে C বিন্দুর কার্যকর বল নির্ণয় কর। ৩  
ঘ. A, B, C বিন্দুতে শক্তির নিত্যতা সূত্র পালিত হবে কি? বিশ্লেষণ কর। ৪

৭ ▶ কোনো স্থানে একজন ডুবুরী অক্সিজেন সিলিন্ডার ছাড়া 5 m গভীর পর্যন্ত পানির নিচে অনুসন্ধান করতে পারে। ঐ স্থানের পানির উপরিতলে  $10^5$  Pa চাপে বায়ুভর্তি একটি বেলুনের আয়তন  $10^{-3}$  m<sup>3</sup>। বেলুনটি ওখানে নিমজ্জিত করলে কোনো এক জায়গায় আয়তন হয়  $4 \times 10^{-4}$  m<sup>3</sup>।

- পানির ঘনত্ব =  $10^3$  kg m<sup>-3</sup>  
অভিকর্ষজ ত্বরণ =  $9.8$  m s<sup>-2</sup>  
ক. পয়সনের অনুপাত কী? ১  
খ. কোনো স্থানের আপেক্ষিক আর্দ্রতা 50% বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২  
গ. পানির উপরিতলে বেলুনের মধ্যে গ্যাসের গতিশক্তি নির্ণয় কর। ৩  
ঘ. যেখানে বেলুনের আয়তন  $4 \times 10^{-4}$  m<sup>3</sup> হয় সেখানে ডুবুরী অক্সিজেন সিলিন্ডার ছাড়া অনুসন্ধান কার্য সম্পাদন করতে পারবে কি? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৮ ▶ কোনো স্থানের বায়ুর তাপমাত্রা  $20^\circ$  C এবং শিশিরাক্ষ  $7.4^\circ$  C। বায়ুর তাপমাত্রা কমে  $16^\circ$  C হল।  $7^\circ$  C,  $8^\circ$  C এবং  $20^\circ$  C তাপমাত্রায় সম্পৃক্ত জলীয়বাষ্পের চাপ যথাক্রমে 7.53 mm, 8.05 mm ও 17.54 mm পারদ চাপ।

- ক. গড়মুক্ত পথ কাকে বলে? ১  
খ. গ্যাসের অণুগুলোর গড় গতিশক্তি গ্যাসের পরম তাপমাত্রার সমানুপাতিক- ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকে ঐ স্থানের আপেক্ষিক আর্দ্রতা কত? ৩  
ঘ. আপেক্ষিক আর্দ্রতা অপরিবর্তিত রেখে বায়ুর তাপমাত্রা কমার ফলে শিশিরাক্ষের পরিবর্তন হবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

সেট-০৪

কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 7 4

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶  $\vec{A} = 3\hat{i} + 2\hat{j} + \hat{k}$ ,  $\vec{B} = \hat{i} + 2\hat{j} + 3\hat{k}$  এবং  $\vec{C} = \hat{i} + 2\hat{j} + 2\hat{k}$  ভেক্টরত্রয় মিলে একটি ত্রিমাত্রিক ক্ষেত্র গঠন করে।

ক. বিপ্রতীপ ভেক্টর কী? ১

খ. ঠেলার ক্ষেত্রে লনরোলারকে ভারী মনে হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ.  $\vec{B}$  বরাবর  $\vec{A}$  এর লম্ব অভিক্ষেপ নির্ণয় কর। ৩

ঘ.  $\vec{A}$ ,  $\vec{B}$  ও  $\vec{C}$  ভেক্টর তিনটি একই সমতলে অবস্থিত হবে কিনা- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ 500 kg ভরের একটি গাড়ি 3900 J গতিশক্তি নিয়ে রাস্তায় চলছিল। হঠাৎ গাড়িটি 120 m ব্যাসার্ধের একটি বাঁকের সম্মুখীন হলো। রাস্তায় কোনো ব্যাংকিং ছিল না। রাস্তা ও গাড়ির চাকার ঘর্ষণ গুণাঙ্ক 0.2।

ক. চক্র গতির ব্যাসার্ধ কাকে বলে? ১

খ. একজন আরোহী লিফটে উপরে উঠার সময় নিজেই ভারী মনে করে, ব্যাখ্যা কর। ২

গ. রাস্তার বাঁকে গাড়ির উপর ত্রিাশীল কেন্দ্রবিমুখী ত্বরণের মান নির্ণয় কর। ৩

ঘ. সর্বোচ্চ বেগ নিয়ে বাঁক অতিক্রম করতে হলে চালককে তার গাড়ির বেগ কী পরিমাণ পরিবর্তন করতে হবে- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে নির্ণয় কর। ৪

৩ ▶ একটি কণার উপর  $\vec{F} = (2\hat{i} + 3\hat{j} - 2\hat{k})$  N বল প্রয়োগ করায় P (2, 1, -3) বিন্দু হতে Q (3, -2, 1) বিন্দুতে স্থানান্তরিত হয়। অপর একটি বল  $\vec{F}' = (-\hat{i} - \hat{j} + \hat{k})$  N  $\vec{F}$  এর সাথে প্রযুক্ত হয়ে কণাটিকে P বিন্দু হতে R(-2, 1, 3) বিন্দুতে স্থানান্তরিত করে।

ক. যান্ত্রিক শক্তি কী? ১

খ. ঘর্ষণ বল অসংরক্ষণশীল বল, ব্যাখ্যা কর। ২

গ.  $\vec{PQ}$  সরণের জন্য কৃতকাজ নির্ণয় কর। ৩

ঘ.  $\vec{PQ}$  এবং  $\vec{PR}$  সরণের উভয়ক্ষেত্রে গতিশক্তির পরিবর্তন সমান হবে কিনা- গাণিতিক বিশ্লেষণসহ মন্তব্য কর। ৪

৪ ▶ চাঁদকে একটি সুষম গোলক বিবেচনা করা হলো। ধরা যাক চাঁদের কেন্দ্র হতে  $2 \times 10^6$  m উচ্চতায় একটি কৃত্রিম উপগ্রহ ঘূর্ণনরত আছে। চাঁদের পরিধি =  $10.048 \times 10^6$  m এবং ঘনত্ব =  $1742.3 \text{ kg m}^{-3}$ ।


ক. পার্কিং কক্ষপথ কী? ১

খ. পৃথিবীপৃষ্ঠ থেকে উপরের দিকে অভিকর্ষজ ত্বরণের মানের পরিবর্তন যে সূত্র মেনে চলে তা ব্যাখ্যা কর। ২

গ. কৃত্রিম উপগ্রহটির রৈখিক বেগের মান নির্ণয় কর। ৩

ঘ. কৃত্রিম উপগ্রহটিকে যদি  $1.7538 \text{ km s}^{-1}$  চাঁদের পৃষ্ঠ থেকে উৎক্ষেপণ করা হয় তাহলে তার চূড়ান্ত পরিণতি গাণিতিক বিশ্লেষণসহ উপস্থাপন কর। ৪

৫ ▶ একটি স্থিতিস্থাপক বস্তুর পীড়ন বনাম বিকৃতি এর লেখচিত্র নিচে দেখানো হলো।




ক. অসহ পীড়ন কাকে বলে? ১

খ. পদার্থের মধ্যে স্থিতিস্থাপকতা ধর্ম সৃষ্টির কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. বস্তুর স্থিতিস্থাপক গুণাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. লেখচিত্রের যে কোনো বিন্দুর ঢাল থেকে ইয়ং এর গুণাঙ্ক নির্ণয় করা সম্ভব নয়- যৌক্তিক ব্যাখ্যা উপস্থাপন কর। ৪

৬ ▶ m ভরের একটি বস্তুকে পৃথিবীর কেন্দ্রগামী একটি সুড়ঙ্গের মধ্য দিয়ে ছেড়ে দেয়া হলো। পৃথিবীর পৃষ্ঠে  $g = 9.8 \text{ m s}^{-2}$  এবং পৃথিবীর ব্যাসার্ধ  $64 \times 10^6$  m.



[ $OP = 5 \times 10^5$  m]

ক. স্থানিক পর্যাবৃত্ত কী? ১

খ. সরল ছন্দিত গতিসম্পন্ন কণার ত্বরণ সরণের বিপরীতমুখী - ব্যাখ্যা কর। ২

গ. P বিন্দুতে অভিকর্ষজ ত্বরণের মান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে সুড়ঙ্গ পথে ছেড়ে দেওয়া বস্তুর দোলনকাল নির্ণয় করা সম্ভব কি-না, গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ স্বাভাবিক তাপমাত্রা ও চাপে একটি খোলা লিটার ফ্লাস্কের মধ্যে  $1.32 \times 10^{-3} \text{ kg}$  নাইট্রোজেন গ্যাস থাকতে পারে।  $90^\circ \text{ C}$  তাপমাত্রার গরম পানি দ্বারা ফ্লাস্কটি অর্ধপূর্ণ করা হলে গ্যাস পানির সাথে তাপীয় সাম্যবস্থায় থাকে।

ক. সম্পৃক্ত বাষ্পচাপ কাকে বলে? ১

খ. বর্ষাকালে ভেজা কাপড় দেরিতে শুকায় কেন? ২

গ. পানির তাপমাত্রায় একটি নাইট্রোজেন অণুর গতিশক্তি নির্ণয় কর। ৩

ঘ. গরম পানি দ্বারা অর্ধপূর্ণ করার পর পূর্বের অর্ধেক পরিমাণ গ্যাস ধারণ করবে না- উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

৮ ▶ পদার্থবিজ্ঞান ল্যাবে ব্যবহৃত একটি সেকেন্ড দোলকের গ্রীষ্মকালে দৈর্ঘ্য বৃদ্ধি পাওয়ায় দোলন কাল 2.1 s হয়। সঠিক সময় পাওয়ার জন্য একজন ছাত্র এর দৈর্ঘ্য 2% কমিয়ে দেয়। ( $g = 9.81 \text{ m s}^{-2}$ )

ক. স্পন্দন গতি কাকে বলে? ১

খ. স্পন্দনরত কণার কৌণিক বিস্তার  $4^\circ$  এর মধ্যে রাখতে হয় কেন, ব্যাখ্যা কর। ২

গ. স্বাভাবিক অবস্থায় দোলকটির কার্যকরী দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ছাত্রটি সফল হবে কিনা গাণিতিকভাবে যাচাই কর। ৪

সেট-০৪

চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 174


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১।




চিত্রে BC নদীর কিনারা ঘেঁসে চলা একটি রাস্তা হলো AB। নদীতে স্রোতের বেগ  $2 \text{ m s}^{-1}$  এবং একজন মাঝি  $4 \text{ m s}^{-1}$  বেগে নৌকা চালাচ্ছেন। রাস্তায় গাড়ির বেগ  $15 \text{ m s}^{-1}$ । গাড়ি B স্টেশনে 40 s যাত্রা বিরতি দেয়।

- ভেক্টর যোগের ত্রিভুজ সূত্রটি লেখ। ১
- ট্রলি ব্যাগের হাতল লম্বা করার যৌক্তিকতা ব্যাখ্যা কর। ২
- মাঝি সর্বনিম্ন কত সময়ে নদী পাড়ি দিতে পারবে? ৩
- গাড়ি যখন A অবস্থানে তখন C অবস্থান থেকে B অবস্থানের উদ্দেশ্যে যাত্রা করা নৌকার যাত্রীরা গাড়িতে উঠতে পারবে কিনা? বিশ্লেষণ কর। ৪

২। 5000 kg ভরের একটি বালুভর্তি ট্রাক ঘণ্টায় 72 km বেগে চলছে। ট্রাক হতে প্রতি সেকেন্ডে 200 gm বালু ছিদ্র পথে পড়ে যাচ্ছে। ব্রেক চেপে 20 min পরে ট্রাকটিকে 20 m দূরত্বে থামানো হলো।

- টর্ক কাকে বলে? ১
- বালুর মধ্যদিয়ে গাড়ি চালাতে সমস্যা হয় কেন? ব্যাখ্যা কর। ২
- যাত্রা শুরু 15 min পরে ট্রাকের বেগের মান বের কর। ৩
- ট্রাকটিকে থামানোর জন্য প্রয়োজনীয় বলের মান হিসাব করা সম্ভব-বিশ্লেষণ করে দেখাও। ৪

৩।



ঘূর্ণনরত বস্তুর ব্যাসার্ধ ভেক্টর,  $\vec{r} = (2\hat{i} + 2\hat{j} - \hat{k}) \text{ m}$  এবং বল,  $\vec{F} = (\hat{i} + 4\hat{j} - 3\hat{k}) \text{ N}$ । বস্তুটি শুরুতে 200 rpm এ ঘুরতে ছিল। অতপর উক্ত বল 3 s ব্যাপি প্রয়োগ করা হলো।

- সংঘর্ষ কাকে বলে? ১
- গতিশীল লিফটে বস্তুর কার্যকর ওজনের তারতম্য ব্যাখ্যা কর। ২
- বস্তুর উপর ক্রিয়াশীল টর্কের মান বের কর। ৩
- বল প্রয়োগের পূর্বের ও পরের পর্যায়কালের তুলনা কর। ৪


৪। একটি পানিপূর্ণ কূপের গভীরতা ও ব্যাস যথাক্রমে 20 m ও 2 m। একটি পাম্প 30 min এ কূপটিকে পানিশূন্য করতে পারে।

- $[g = 9.8 \text{ m s}^{-2}]$  কাজ-শক্তি উপপাদ্যটি লেখ। ১
- গতিশক্তির মান সর্বদা ধনাত্মক হয়- ব্যাখ্যা কর। ২
- পাম্পের ক্ষমতা বের কর। ৩
- কূপটির 1m চতুর্ভাগ ও ৪র্থ চতুর্ভাগ পানিশূন্য করতে প্রয়োজনীয় সময়ের তারতম্য হবে কিনা? হলে কেমন হবে হিসাব করে দেখাও। ৪

৫। সূর্য ও পৃথিবীর ভর যথাক্রমে  $2 \times 10^{30} \text{ kg}$  ও  $6 \times 10^{24} \text{ kg}$ । পৃথিবী হতে সূর্যের দূরত্ব  $1.5 \times 10^{11} \text{ m}$ ।

- মুক্তিবেগ কাকে বলে? ১
- পরিবেশের তাপমাত্রার হ্রাস-বৃদ্ধির সাথে দোলক ঘড়ি দ্রুত কিংবা ধীরে চলে- ব্যাখ্যা কর। ২
- সূর্য ও পৃথিবীর সংযোগরেখার মধ্যবিন্দুতে মহাকর্ষীয় বিভবের মান বের কর। ৩
- পৃথিবী এবং সূর্যের সংযোগকারী সরলরেখার উপর একাধিক বিন্দুতে প্রাবল্যের মান শূন্য হওয়া সম্ভব কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬। চিত্রে 1.5 m আদি দৈর্ঘ্যের A ও B দুটি একই উপাদানের তার। প্রযুক্ত বলের সাথে তার দুইটির দৈর্ঘ্য বৃদ্ধির লেখচিত্র উপরে প্রদর্শিত হয়েছে।  $Y_A = 2 \times 10^{11} \text{ N/m}^2$ ।



- হুকের সূত্রটি লেখ। ১
- একটি ইস্পাতের তারকে বারবার বাঁকালে উত্তপ্ত হয় কেন? ব্যাখ্যা কর। ২
- A তারের ব্যাসার্ধ নির্ণয় কর। ৩
- 10 cm দৈর্ঘ্য প্রসারণে উভয় তারে কৃতকাজ সমান হবে কিনা তা গাণিতিকভাবে যাচাই কর। ৪

৭। একটি পেডুলাম ঘড়ি ভূপৃষ্ঠে প্রতি সেকেন্ডে 1টি অর্ধদোলন দেয়। কিন্তু পাহাড়ের উপর নিয়ে গেলে দৈনিক 100 s সময় হারায়। পৃথিবীর ব্যাসার্ধ 6400 km এবং পৃথিবী পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ  $9.8 \text{ m s}^{-2}$ ।

- স্থানিক পর্যাবৃত্তি কাকে বলে? ১
- একটি ভূস্থির উপগ্রহে স্প্রিং ভর ব্যবস্থায় দোলনকাল কেমন হবে? ব্যাখ্যা কর। ২
- উদ্দীপকের তথ্যের আলোকে পাহাড়ের উচ্চতা বের কর। ৩
- পাহাড়ের উপরে দোলকটিকে সেকেন্ড দোলকে পরিণত করতে কী ব্যবস্থা করতে হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮। কোনো একদিন ঢাকার তাপমাত্রা  $25^\circ \text{ C}$  এবং শিশিরাক্ষ  $15.7^\circ \text{ C}$ । ঐ দিন কুয়াকাটায় রাখা একটি সিক্ত ও শুষ্ক বাল্ব আপেক্ষিক আর্দ্রতামাপক যন্ত্রে সিক্ত বাল্ব থার্মোমিটারের তাপমাত্রা  $20.1^\circ \text{ C}$ ।  $25^\circ \text{ C}$  তাপমাত্রায় গ্লোইসারের উৎপাদক 1.7।  $15^\circ \text{ C}$ ,  $16^\circ \text{ C}$ ,  $20^\circ \text{ C}$ ,  $22^\circ \text{ C}$  ও  $25^\circ \text{ C}$  তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পচাপ যথাক্রমে 12.8 mmHgP, 13.63 mmHgP, 17.54 mmHgP, 19.83 mmHgP ও 23.8 mmHgP।

- চার্লস-এর সূত্রটি লেখ। ১
- কোনো অঞ্চলে কুয়াশা কেন পড়ে? ব্যাখ্যা কর। ২
- ঢাকার আপেক্ষিক আর্দ্রতা বের কর। ৩
- উক্ত দিনে ঢাকা এবং কুয়াকাটার মধ্যে কোন অঞ্চল বেশি আরামদায়ক? গাণিতিক ব্যাখ্যা কর। ৪

সেট-০৪

সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 174


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১।



- ক. স্কেলার অপেক্ষকের গ্র্যাডিয়েন্টের সংজ্ঞা লেখ। ১  
খ. কাজ ও টর্ক এর একক অভিন্ন- ব্যাখ্যা কর। ২  
গ.  $\vec{PQ}$  ভেক্টরের সমান্তরাল একটি একক ভেক্টর নির্ণয় কর। ৩  
ঘ.  $\Delta OPQ$  সমকোণী ত্রিভুজ কিনা যাচাই কর। ৪


২। 2 kg এবং 3 kg ভরের দুটি বস্তু যথাক্রমে  $8.8 \text{ m s}^{-1}$  এবং  $1.2 \text{ m s}^{-1}$  বেগে বিপরীত দিক হতে এসে সংঘর্ষের পর বস্তু দুটি একত্রে মিলিত হয়ে নির্দিষ্ট দিকে চলতে লাগল।

- ক. চক্রগতির ব্যাসার্ধ কাকে বলে? ১  
খ. কোনো ইঞ্জিনের দক্ষতা 50% বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২  
গ. সংযুক্ত বস্তু দুটির চূড়ান্ত বেগ কত? ৩  
ঘ. উক্ত সংঘর্ষ স্থিতিস্থাপক না অস্থিতিস্থাপক- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে তোমার মতামত দাও। ৪

৩। একটি ছাত্রাবাসের পানির রিজার্ভ ট্যাংকির দৈর্ঘ্য 1.6 মিটার, প্রস্থ 1.4 মিটার এবং গভীরতা 1.2 মিটার। ট্যাংকির দুই-তৃতীয়াংশ পানি দ্বারা পূর্ণ রয়েছে। 50 মিটার উঁচুতে পানি তোলার জন্য ছাত্রাবাসে 5.5 kW ক্ষমতা সম্পন্ন একটি তড়িৎ মোটর ব্যবহার করা হয় যার দক্ষতা 80%। অর্ধেক পানি তোলার পর বিদ্যুৎ চলে গেলে পাম্পটি বন্ধ হয়ে যায়। বিদ্যুৎ চলে আসায় পাম্পটি পুনরায় চালু করায় ট্যাংকি পানি শূন্য হয়।

- ক. অসংরক্ষণশীল বলের সংজ্ঞা লেখ। ১  
খ. 1 কিলোওয়াট ক্ষমতা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২  
গ. বিদ্যুৎ চলে যাওয়ার পূর্বে পানি উত্তোলনে ব্যয়িত শক্তি নির্ণয় কর। ৩  
ঘ. বিদ্যুৎ চলে যাওয়ার আগে বা পরে কোন ক্ষেত্রে পানি উত্তোলনে সময় বেশি লাগবে? তোমার মতামত গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪।



পৃথিবীর ভর,  $M = 6 \times 10^{24} \text{ kg}$   
পৃথিবীর ব্যাসার্ধ,  $R = 6.4 \times 10^6 \text{ m}$   
মহাকর্ষীয় ধ্রুবক,  $G = 6.673 \times 10^{-11} \text{ Nm}^2\text{kg}^{-2}$   
কৃত্রিম উপগ্রহের উচ্চতা,  $h = 3.46 \times 10^6 \text{ m}$


- ক. তল ভেক্টর কাকে বলে? ১  
খ. মঙ্গল গ্রহের পৃষ্ঠ হতে বৃহস্পতির পৃষ্ঠে মুক্তিবৈগ বেশি- ব্যাখ্যা কর। ২  
গ. কৃত্রিম উপগ্রহটির বেগ নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের কৃত্রিম উপগ্রহটি ভূ-স্থির উপগ্রহ হবে কি? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে মতামত দাও। ৪

৫। গবেষণাগারে ব্যবহারের জন্য বিশেষভাবে নির্মিত দুটি তার P ও Q নেয়া হলো। পরীক্ষায় প্রাপ্ত বিভিন্ন রাশির মান নিম্নরূপ :

তার	দৈর্ঘ্য, $L$ (m)	ব্যাসার্ধ, $r$ (cm)	ঝুলানো ভার, $M$ (kg)	দৈর্ঘ্য প্রসারণ, $l$ (mm)	ব্যাসহ্রাস, $d$ (mm)
P	2.80	0.50	0.50	3.2	0.005
Q	2.75	0.60	0.75	3	0.009

- ক. সরল ছন্দিত গতি কাকে বলে? ১  
খ. আকাশ মেঘলা থাকলে শিশির পড়ে না কেন? ব্যাখ্যা কর। ২  
গ. 'P' তারের পয়সনের অনুপাত নির্ণয় কর। ৩  
ঘ. কোন তারটি বেশি স্থিতিস্থাপক? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬।



চিত্রে সরল দোলকটির জন্য সাম্যাবস্থা থেকে নির্দিষ্ট সরণে, গতিশক্তি = বিভবশক্তি।

- ক. বল ধ্রুবকের সংজ্ঞা দাও। ১  
খ. ইস্পাত রাবারের চেয়ে বেশি স্থিতিস্থাপক কেন? ব্যাখ্যা কর। ২  
গ.  $\theta$ -এর মান নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের মন্তব্যটির সত্যতা যাচাই কর। ৪

৭। দুইজন শিক্ষার্থী একটি দীপে বেড়াতে গিয়ে পাশাপাশি অবস্থিত দুটি পুকুরের বায়ু বুদবুদ নিম্নরূপ পর্যবেক্ষণ করল। বায়ুমণ্ডলের চাপ =  $10^5 \text{ Pa}$

পুকুরের নাম	বায়ু বুদবুদ	পানির ঘনত্ব
মিঠাপানির পুকুর	পানির তলদেশ থেকে উপরিতলে আসায় আয়তন 4 গুণ হয়	$1.0 \times 10^3 \text{ kgm}^{-3}$
লবণাক্ত পানির পুকুর	পানির তলদেশ থেকে উপরিতলে আসায় ব্যাস 2 গুণ হয়	$1.1 \times 10^3 \text{ kgm}^{-3}$

- ক. শিশিরাক্ষ কী? ১  
খ. কোনো একটি গ্যাসের একটি অণুর গতিশক্তি তাপমাত্রার সাথে কীভাবে পরিবর্তিত হয়- লেখচিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ২  
গ. মিঠাপানির পুকুরের গভীরতা নির্ণয় কর। ৩  
ঘ. উক্ত পুকুর দুটিতে পানির তলদেশের চাপের তারতম্য গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮। কোনো একটি পরীক্ষণে খাগড়াছড়িতে বায়ুর তাপমাত্রা  $28^\circ \text{ C}$  এবং শিশিরাক্ষ  $7.8^\circ \text{ C}$  পাওয়া গেল। হঠাৎ শৈত্যপ্রবাহের ফলে ঐ স্থানের তাপমাত্রা কমে  $14^\circ \text{ C}$  হলো।  $7^\circ \text{ C}$ ,  $8^\circ \text{ C}$  এবং  $28^\circ \text{ C}$  তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পচাপ যথাক্রমে 7.51, 8.05 এবং 28.35 mm পারদ।

- ক. সম্পৃক্ত বাষ্পচাপের সংজ্ঞা লেখ। ১  
খ. গ্যাস ও বাষ্পের মধ্যে পার্থক্য লেখ। ২  
গ. খাগড়াছড়ির আপেক্ষিক আর্দ্রতা নির্ণয় কর। ৩  
ঘ. তাপমাত্রার পরিবর্তনে উক্ত স্থানের আবদ্ধ বায়ুর শিশিরাক্ষ একই থাকবে নাকি ভিন্ন হবে? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

সেট-০৪

বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 174

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ নাহিন এবং জাহিন একটি ভারী স্থির ট্রাক-এ দুটি রশি বেঁধে টেনে নিয়ে যাচ্ছিল। রশি দুটির মধ্যে 'α' কোণ সৃষ্টি হয়। ট্রাকটি নাহিনের দিকে সরে যাচ্ছিল। নাহিন জাহিনকে আরও বেশি বল প্রয়োগ করতে বললো।
- ক. কার্লের সংজ্ঞা দাও। ১
- খ. ত্রিভুজের তিনটি বাহু যদি একইক্রমে তিনটি ভেক্টরকে নির্দেশ করে তা হলে ভেক্টরত্রয়ের লব্ধি শূন্য হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. দেখাও যে, জাহিন নাহিনের সমমানের বল প্রয়োগ করলে এদের লব্ধি বল মধ্যবর্তী কোণকে সমদ্বিখণ্ডিত করবে। ৩
- ঘ. নাহিন এবং জাহিন ট্রাকটিকে কীভাবে টানলে সর্বাপেক্ষা কম বল প্রয়োগে ট্রাকটিকে সর্বোচ্চ লব্ধি বলে টেনে নিতে পারবে? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে ব্যাখ্যা কর। ৪
- ২ ▶  $3\text{ms}^{-1}$  বেগে 2 kg ভরের একটি বস্তু 0.5 kg ভরের অন্য একটি স্থির বস্তুর সঙ্গে সোজাসুজি স্থিতিস্থাপক সংঘর্ষে লিপ্ত হয়।
- ক. নিশ্চল কোণ কী? ১
- খ. রৈখিক ভরবেগের নিত্যতার নীতিতে দিকের গুরুত্ব আছে কি না? আলোচনা কর। ২
- গ. সংঘর্ষের পর স্থির বস্তুর শেষ বেগ কত? নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের গতিশীল বস্তুর ভর স্থির বস্তুর ভরের তুলনায় অনেক বেশি হলে সংঘর্ষের পর বস্তুদ্বয়ের পরিণতি কী হবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৩ ▶ 2 m প্রশস্ত এবং 200 m ব্যাসার্ধবিশিষ্ট একটি ব্যাংকিং যুক্ত বাঁকা পথে একটি গাড়ি  $50.4\text{ kmh}^{-1}$  বেগে চলে নিরাপদে বাঁক নিতে পারে। [ $g = 9.8\text{ ms}^{-2}$  এবং রাস্তার ঘর্ষণ গুণাঙ্ক  $\mu = 0.5$ ]
- ক. ল্যাপ্লাসিয়ান অপারেটর কাকে বলে? ১
- খ. দুইয়ের অধিক ভেক্টরের লব্ধি সামান্তরিকের সূত্রের সাহায্যে নির্ণয় করা যায় কি? ব্যাখ্যা কর। ২
- গ. রাস্তার ব্যাংকিং উচ্চতা নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের রাস্তাটি ব্যাংকিংহীন হলে তখন গাড়িটি নিরাপদে বাঁক নিতে পারবে কি না? গাণিতিকভাবে যাচাই করে তোমার মতামত দাও। ৪
- ৪ ▶ একটি পানিপূর্ণ কুয়ার গভীরতা 10 m এবং ব্যাস 1.5 m। একটি পাম্প 25 মিনিটে কুয়াটিকে পানি শূন্য করতে পারে। কিন্তু এক তৃতীয়াংশ পানি উত্তোলন করার পর পাম্পটি নষ্ট হয়ে যায়। পরে 70% দক্ষতার আরও একটি পাম্প যুক্ত করে 30 মিনিটে বাকি পানি উত্তোলন করা হয়।
- ক. পরিবর্তনশীল বল কাকে বলে? ১
- খ. ক্ষমতার বৈদ্যুতিক ব্যবহারিক এককের সাথে ক্ষমতার যান্ত্রিক ব্যবহারিক এককের সম্পর্ক দেখাও। ২
- গ. 1ম পাম্পটি কত সময় ব্যাপী কাজ করে তা নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের কোন পাম্পটির ক্ষমতা বেশি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ পৃথিবীর ভর এবং ব্যাসার্ধ যথাক্রমে  $M = 6 \times 10^{24}\text{ kg}$  এবং  $R = 6.4 \times 10^6\text{ m}$ । পৃথিবীর পৃষ্ঠ থেকে 700 km উচ্চতায় একটি কৃত্রিম উপগ্রহ আবর্তন করছে। [ $G = 6.673 \times 10^{-11}\text{ Nm}^2\text{kg}^{-2}$ ]
- ক. টেনসন বল কাকে বলে? ১
- খ. চাঁদে মানুষ বসবাস করতে পারে কি না? ব্যাখ্যা কর। ২
- গ. কৃত্রিম উপগ্রহটির কেন্দ্রমুখী ত্বরণ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের কৃত্রিম উপগ্রহটি মহাশূন্যে মিলিয়ে যাওয়ার সম্ভাবনা আছে কি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে সঠিক সিদ্ধান্ত দাও। ৪
- ৬ ▶ সমান দৈর্ঘ্যের তিনটি তার A, B এবং C একই মানের পীড়ন  $5 \times 10^{12}\text{ Nm}^{-2}$  প্রয়োগের ফলে দৈর্ঘ্য বৃদ্ধি যথাক্রমে 5%, 2% এবং 1% হলো।
- ক. আন্তঃআণবিক বল কাকে বলে? ১
- খ. পীড়ন ক্ষেলার রাশি না ভেক্টর রাশি? ব্যাখ্যা কর। ২
- গ. 'B' তারের দৈর্ঘ্য বিকৃতি কত? নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের কোন তারটি বেশি স্থিতিস্থাপক? গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৭ ▶ একটি সেকেন্ড দোলকের সিলিন্ডার আকৃতির বব পানিপূর্ণ অবস্থায় আছে। ববের দৈর্ঘ্য 8 cm।
- ক. স্পন্দন গতি কাকে বলে? ১
- খ. সকল পর্যায়বৃত্তি গতি সরল দোলন গতি নয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. দোলকটির কার্যকরী দৈর্ঘ্য নির্ণয় কর। ৩
- ঘ. ববটি অর্ধেক খালি করলে তখন দোলকটি দ্রুত না ধীরে চলবে? গাণিতিকভাবে যাচাই করে মতামত দাও। ৪
- ৮ ▶ একজন আবহাওয়াবিদ দৈনিক প্রতিবেদন তৈরির জন্য একদিন ঢাকা এবং রাজশাহীতে স্থাপিত দুটি সিজ ও গুরু বাব্ব আর্দ্রতা মাপক যন্ত্রের মাধ্যমে নিম্নের উপায়গুলো সংগ্রহ করলেন।
- | স্থান   | গুরু বাব্ব থার্মো: পাঠ | সিজ বাব্ব থার্মো: পাঠ | বায়ুর তাপমাত্রায় গ্লেইসারের উৎপাদকের মান |
|---------|------------------------|-----------------------|--------------------------------------------|
| ঢাকা    | 28.6°C                 | 20°C                  | 1.664                                      |
| রাজশাহী | 32.5°C                 | 22°C                  | 1.625                                      |
- [14°C, 16°C, 28°C, 30°C, 32°C এবং 34°C তাপমাত্রায় সম্পৃক্ত জলীয়বাষ্পের চাপ যথাক্রমে 11.99, 13.63, 28.35, 31.83, 35.66 এবং 39.90 mm HgP। স্বাস্থ্যের জন্য আপেক্ষিক আর্দ্রতার স্বাচ্ছন্দ্যকর মান হলো 40% থেকে 60% পর্যন্ত]
- ক. আর্দ্রতামিতি কাকে বলে? ১
- খ. একই তাপমাত্রায় ভিন্ন ভিন্ন এক মোল গ্যাসের ক্ষেত্রে গড় গতিশক্তি ধ্রুব থাকে কিনা? ব্যাখ্যা কর। ২
- গ. ঐ দিন ঢাকার শিশিরাক্ষ কত ছিল? ৩
- ঘ. উদ্দীপকের আলোকে কোন ব্যক্তি কোথায় অধিকতর স্বস্তি বোধ করবেন? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

সেট-০৪

দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 174

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶  $\vec{P} = 5\hat{i} + 3\hat{j} - m\hat{k}$ ;  $\vec{Q} = \hat{i} + \hat{j} + 4\hat{k}$ ; এখানে  $\vec{P}$  এবং  $\vec{Q}$  পরস্পরলম্ব। যদি  $\vec{P}$  এবং  $\vec{Q}$  এর মান যথাক্রমে নৌকা এবং একটি নদীর স্রোতের দ্রুতি নির্দেশ করে তবে সর্বনিম্ন পথে নদী পার হতে নৌকাটির ২ মিনিট সময় লাগে।

ক. সমতলীয় ভেক্টর কাকে বলে? ১

খ. স্রোতের সাথে আড়াআড়িভাবে নদী পাড়ি দিতে নৌকা কীভাবে চালাতে হবে- ব্যাখ্যা কর। ২

গ. 'm' এর মান নির্ণয় কর। ৩

ঘ. যদি নৌকার মাঝি ন্যূনতম সময়ে নদী পার হতে চায় তবে সে নদীর প্রস্থ অপেক্ষা বেশি দূরত্ব অতিক্রম করবে কিনা- গাণিতিক মানের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

২ ▶ একটি স্প্রিং এর উপর 10 N বল প্রয়োগ করায় এটি 4 cm প্রসারিত হয়। স্প্রিংটিকে প্রথমে 6 cm এবং পরবর্তী আরো 6 cm প্রসারিত করা হলো।

ক. কর্মদক্ষতা কী? ১

খ. কেন্দ্রমুখী বল দ্বারা কৃতকাজ শূন্য হয়- ব্যাখ্যা কর। ২

গ. স্প্রিংটির স্প্রিং ধ্রুবক নির্ণয় কর। ৩

ঘ. প্রথম ও দ্বিতীয় ক্ষেত্রে সমান প্রসারণের জন্য কাজের পরিমাণ সমান হবে কি? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৩ ▶ 0.5 kg ভরের AB দণ্ডটি PQ অক্ষ সাপেক্ষে প্রতি মিনিটে 60 বার ঘোরানো হলো। পরবর্তীতে দণ্ডটিকে এর দৈর্ঘ্যের সমান ব্যাসের একটি পাতলা চাকতিতে পরিণত করে P'Q' অক্ষ সাপেক্ষে মিনিটে 70 বার ঘোরানো হলো।




ক. এক নিউটন বল কী? ১

খ. ব্যাংকিং কোণের মান বাড়ালে রাস্তার বাঁকে গাড়ি চালানোর গতিসীমা বাড়ে- ব্যাখ্যা কর। ২

গ. চাকতিটির কৌণিক ভরবেগ নির্ণয় কর। ৩

ঘ. কোন ক্ষেত্রে ঘূর্ণনের জন্য কম শক্তির প্রয়োজন হবে- গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▶

চিত্রে একজন মাঝি A বিন্দু থেকে AB এর সাথে 30° কোণে 16 km h<sup>-1</sup> বেগে এবং আরেকজন মাঝি একই বিন্দু হতে একই বেগে AB এর সাথে 60° কোণে নদীতে নৌকা চালাচ্ছেন।

ক. স্কেলার ক্ষেত্র কাকে বলে? ১

খ. একটি বিপ্রতীপ ভেক্টরকে সমরেখ ভেক্টর বলা যাবে কি? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম মাঝির লব্ধি বেগ নির্ণয় কর। ৩

ঘ. কোন মাঝি নদী পার হতে কম দূরত্ব অতিক্রম করবে- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৫ ▶ নিম্নের ছকে দুটি তার A ও B এর বিভিন্ন রাশির মান প্রদান করা হলো :


তার	দৈর্ঘ্য L(m)	ব্যাস D (mm)	প্রযুক্ত বল F(N)	দৈর্ঘ্য প্রসারণ l (mm)	পয়সনের অনুপাত σ
A	1.60	1.0	5.0	14	0.57
B	1.50	1.2	6.0	16	-

ক. অসহ পীড়ন কী? ১

খ. একই উপাদানের তৈরি একটি সরু ও একটি মোটা তারের ইয়ং এর গুণাঙ্ক সমান হবে কি-না- ব্যাখ্যা কর। ২

গ. বল প্রয়োগে A তারের ব্যাস কত হ্রাস পাবে নির্ণয় কর। ৩

ঘ. কোন তার দিয়ে অপেক্ষাকৃত শক্তিশালী স্প্রিং তৈরি করা যাবে- গাণিতিক বিশ্লেষণের সাহায্যে মন্তব্য কর। ৪

৬ ▶ রনি ও বনি দুই ভাইয়ের ভর যথাক্রমে 32 kg এবং 40 kg। তারা দুজন একটি দোলনায় একই কৌণিক সরণে দোল খাচ্ছিল। দোলনটির গড় কার্যকরী দৈর্ঘ্য 3 m এবং এর সাম্যাবস্থান A। [g = 9.8 m s<sup>-2</sup>]

ক. কৌণিক কম্পাঙ্ক কাকে বলে? ১

খ. মহাকাশে একজন নভোচারীর নিকট একটি সেকেন্ড দোলকের কম্পাঙ্কের পরিবর্তন হয়- ব্যাখ্যা কর। ২

গ. রনির উপর সূতার টান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের B অবস্থানে রনি ও বনি সমান কার্যকর বল অনুভব করলো কি-না- গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭ ▶ পৃথিবীর ভর  $6 \times 10^{24}$  kg, ব্যাসার্ধ  $6.4 \times 10^6$  m। 80 kg ভরের একটি কৃত্রিম উপগ্রহ ভূপৃষ্ঠ হতে 200 km উচ্চতায় তুলে এর মধ্যে  $4.5 \times 10^9$  joule গতিশক্তি সঞ্চারিত করা হলো।[G =  $6.67 \times 10^{-11}$  Nm<sup>2</sup> kg<sup>-2</sup>, g = 9.8 m s<sup>-2</sup>]

ক. মহাকর্ষীয় প্রাবল্য কাকে বলে? ১

খ. কোনো বস্তুর উপর ত্রি-মুখী বল 12 N বলতে কী বুঝায়? ২

গ. কৃত্রিম উপগ্রহটির পর্যায়কাল নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উপগ্রহটিকে মহাশূন্যে পাঠানোর জন্য গতিশক্তির পরিবর্তন করতে হবে কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ পদার্থবিজ্ঞান গবেষণাগারে একজন শিক্ষার্থী  $6.2 \times 10^{-7}$  m<sup>3</sup> আয়তনের 4 g অক্সিজেনকে 0.62 mHg চাপ ও 27° C তাপমাত্রা থেকে S.T.P তে রূপান্তর করলো। পরীক্ষা শেষে শিক্ষক মন্তব্য করলেন গ্যাসের আয়তন ও গড় বর্গবেগের বর্গমূল উভয়ই হ্রাস পায়। [অক্সিজেনের আণবিক ভর 32 g এবং সার্বজনীন গ্যাস ধ্রুবক R = 8.31 JK<sup>-1</sup> mol<sup>-1</sup>]

ক. শক্তির সমবিভাজন নীতি বিবৃত কর। ১

খ. বিষুব অঞ্চলের আবহাওয়া অস্বস্তিকর- ব্যাখ্যা কর। ২

গ. প্রাথমিক অবস্থায় অক্সিজেনের গতিশক্তি নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে শিক্ষকের মন্তব্য সঠিক ছিল কি? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে মন্তব্য কর। ৪

সেট-০২

ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 174

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶  $\vec{P} = 5\hat{i} + 3\hat{j} - m\hat{k}$  ও  $\vec{Q} = \hat{i} + \hat{j} + 4\hat{k}$ । এখানে  $\vec{P}$  এবং  $\vec{Q}$  পরস্পর লম্ব। যদি  $\vec{P}$  এবং  $\vec{Q}$  এর মান যথাক্রমে নৌকা এবং একটি নদীর স্রোতের দ্রুতি নির্দেশ করে তবে সর্বনিম্ন পথে নদী পার হতে নৌকাটির ২ মিনিট সময় লাগে।

- ক. সমতলীয় ভেক্টর কাকে বলে? ১  
খ. স্রোতের সাথে আড়াআড়িভাবে নদী পাড়ি দিতে নৌকা কীভাবে চালাতে হবে- ব্যাখ্যা কর। ২  
গ.  $m$  এর মান নির্ণয় কর। ৩  
ঘ. যদি নৌকার মাঝি ন্যূনতম সময়ে নদী পার হতে চায় তবে সে নদীর প্রস্থ অপেক্ষা বেশি দূরত্ব অতিক্রম করবে কিনা- গাণিতিক মানের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

২ ▶ একটি স্প্রিং এর উপর 10 N বল প্রয়োগ করায় এটি 4 cm প্রসারিত হলো। স্প্রিংটিকে প্রথমে 6 cm এবং পরে আরো 6 cm প্রসারিত করা হলো।

- ক. সংরক্ষণশীল বল কাকে বলে? ১  
খ. 'শূন্য কাজ' প্রযুক্ত বলের দিকের উপর নির্ভর করে- ব্যাখ্যা কর। ২  
গ. স্প্রিংটির স্প্রিং ধ্রুবক নির্ণয় কর। ৩  
ঘ. প্রথম ও দ্বিতীয় ক্ষেত্রে সমান প্রসারণের জন্য কাজের পরিমাণ সমান হবে কি? গাণিতিক ব্যাখ্যার মাধ্যমে তোমার মতামত দাও। ৪

৩ ▶ 8 m প্রস্থের রাস্তা দিয়ে একটি গাড়ি যথাক্রমে 100 m ও 80 m ব্যাসার্ধের দুটি বাঁক অতিক্রম করলো। রাস্তার ভিতরের ও বাইরের প্রান্তের উচ্চতার পার্থক্য 0.4 m.


- ক. চক্রগতির ব্যাসার্ধ কাকে বলে? ১  
খ. টর্কের দিক কীভাবে নির্ণয় করবে? ২  
গ. উদ্দীপকে উল্লিখিত রাস্তার ব্যাংকিং কোণ নির্ণয় কর। ৩  
ঘ. গাড়িটি উভয় বাঁক কি সমান বেগে অতিক্রম করতে পারবে- গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▶ লিমন গুগল থেকে নিম্নের তথ্যসমূহ পেল। তথ্যসমূহ ব্যবহার করে নিম্নরূপ দুটি লেখচিত্র অঙ্কন করে।

দেওয়া আছে, পৃথিবীর ভর,  $M = 6.0 \times 10^{24}$  kg


পৃথিবীর ব্যাসার্ধ,  $R = 6.4 \times 10^6$  m

মহাকর্ষীয় ধ্রুবক,  $G = 6.67 \times 10^{-11}$  Nm<sup>2</sup>kg<sup>-2</sup>



লেখচিত্র-১

লেখচিত্র-১ : ভূপৃষ্ঠ হতে পৃথিবীর কেন্দ্রের দিকে  $h$  দূরত্ব ও  $h$  দূরত্বে অভিকর্ষজ ত্বরণ  $g_h$



লেখচিত্র-২

লেখচিত্র-২ : ভূপৃষ্ঠ হতে উপরের দিকে  $h$  দূরত্ব ও  $h$  দূরত্বে অভিকর্ষজ ত্বরণ  $g_h$ .

- ক. মুক্তি বেগ কী? ১  
খ. "কোনো নির্দিষ্ট স্থানে ওজন ভরের সমানুপাতিক"- ব্যাখ্যা কর। ২  
গ. ডাটাগুলো ব্যবহার করে পৃথিবীর পৃষ্ঠে  $g$  এর মান নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের লেখচিত্র দুটি ভিন্ন হওয়ার কারণ কী? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৫ ▶ একটি কণার উপর  $\vec{F} = (-5\hat{i} - 3\hat{j} - 6\hat{k})$  N বল প্রয়োগ করায় কণাটি  $P(-6, 7, -1)$  বিন্দু থেকে  $Q(-3, -8, 4)$  বিন্দুতে স্থানান্তরিত হলো।

- ক. বিসদৃশ ভেক্টর কী? ১  
খ. চারটি ভেক্টরের লব্ধি কখন শূন্য হবে- চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের কণাটির সরণ নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকে উল্লিখিত বলটি কেন্দ্রমুখী বল ছিল কিনা- গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৬ ▶ একটি সরল দোলকের কার্যকর দৈর্ঘ্য 1m এবং বিস্তার 6 cm। দোলকটিকে প্রথমে P স্থানে নিয়ে যাওয়া হলে দোলনকাল 1.5 sec এবং এরপর Q স্থানে নিয়ে গেলে দোলনকাল 2 sec পাওয়া গেল।

- ক. দশা কাকে বলে? ১  
খ. 'স্প্রিং বল প্রত্যয়নী বল'- ব্যাখ্যা কর। ২  
গ. দোলকের সাম্যাবস্থানে বেগ নির্ণয় কর। ৩  
ঘ. কোন স্থানের উচ্চতা বেশি ছিল? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭ ▶ নিচের ছকে দুটি তার A ও B এর বিভিন্ন রাশির মান প্রদান করা হলো :

তার	দৈর্ঘ্য L(m)	ব্যাস D (mm)	প্রযুক্ত বল F(N)	দৈর্ঘ্য প্রসারণ l (mm)	পয়সনের অনুপাত $\sigma$
A	1.60	1.0	5.0	14	0.57
B	1.50	1.2	6.0	16	-

- ক. পীড়নের সংজ্ঞা দাও। ১  
খ. বায়বীয় পদার্থের আন্তঃআণবিক বল নগণ্য কেন? ব্যাখ্যা কর। ২  
গ. বল প্রয়োগে A তারের ব্যাস কত হ্রাস পাবে নির্ণয় কর। ৩  
ঘ. কোন তারটি দিয়ে অপেক্ষাকৃত শক্তিশালী স্প্রিং তৈরি করা যাবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মন্তব্য কর। ৪

৮ ▶ পদার্থবিজ্ঞান গবেষণাগারে একজন শিক্ষার্থী  $6.2 \times 10^{-7}$  m<sup>3</sup> আয়তনের 4g অক্সিজেনকে 0.62 mHg ও 27° C তাপমাত্রা থেকে STP তে রূপান্তর করলো। পরীক্ষা শেষে শিক্ষক মন্তব্য করলেন, 'গ্যাসের আয়তন ও গড় বর্গবেগের বর্গমূল উভয়ই হ্রাস পায়।' [অক্সিজেনের আণবিক ভর 32 g এবং সার্বজনীন গ্যাস ধ্রুবক  $R = 8.31$  J mol<sup>-1</sup> K<sup>-1</sup>]

- ক. শক্তির সমবিভাজন নীতি বিবৃত কর। ১  
খ. বিস্মব অঞ্চলের আবহাওয়া অস্বস্তিকর- ব্যাখ্যা কর। ২  
গ. প্রাথমিক অবস্থায় অক্সিজেনের গতিশক্তি নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকে শিক্ষকের মন্তব্য সঠিক ছিল কি? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে মন্তব্য কর। ৪

সেট-০৩

ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 174

সময়-১ ঘণ্টা ৪০ মিনিট


পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ কার্তেসীয় স্থানাঙ্ক ব্যবস্থায় তিনটি বিন্দু O (0, 0, 0), P (2, 4, 2) এবং Q (2, -4, -4)।
- ক. সমান ভেক্টর কী? ১
- খ. ভেক্টর অপারেটর স্কেলার রাশিকে ভেক্টর রাশিতে রূপান্তর করে- ব্যাখ্যা কর। ২
- গ.  $\vec{PQ}$  এর মান নির্ণয় কর। ৩
- ঘ. P ও Q এর অবস্থান ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হবে কি-না যাচাই কর। ৪
- ২ ▶ 1000 kg ভরের একটি বাস 75000 J গতিশক্তি নিয়ে চলার সময় 100 m ব্যাসার্ধ বিশিষ্ট একটি বাঁকের সম্মুখীন হলো। রাস্তার প্রস্থ 10 m এবং রাস্তার প্রান্তদ্বয়ের মধ্যবর্তী উচ্চতার ব্যবধান 0.2 m.
- ক. বলের ঘাত কাকে বলে? ১
- খ. নরম মাটিতে লাফ দিলে আঘাত পাওয়ার সম্ভাবনা কম- ব্যাখ্যা কর। ২
- গ. বাসটির ভরবেগ নির্ণয় কর। ৩
- ঘ. গতিবেগ না কমিয়ে বাসটি নিরাপদে বাঁকটি অতিক্রম করতে পারবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৩ ▶ পানিপূর্ণ একটি কুয়ার গভীরতা 10 m ব্যাস 2 m। কুয়াটিকে পানিশূন্য করার জন্য 2 HP ক্ষমতার একটি পাম্প চালু করা হলো। অর্ধেক পানি শূন্য হওয়ার পর পাম্পটি নষ্ট হলে 3 HP ক্ষমতার অপর একটি পাম্প চালু করে কুয়াটিকে পানিশূন্য করা হলো।
- ক. অসংরক্ষণশীল বল কাকে বলে? ১
- খ. সমতলে হাঁটা অপেক্ষা সিঁড়ি দিয়ে হেঁটে উপরে উঠা কষ্টকর।- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের ১ম পাম্পটি মিনিটে কী পরিমাণ পানি উত্তোলন করবে? বের কর। ৩
- ঘ. উদ্দীপকের উভয় পাম্পের ক্ষেত্রে প্রয়োজনীয় সময় একই ছিলো কি-না? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪
- ৪ ▶ কোনো একটি কাল্পনিক গ্রহের ভর পৃথিবীর ভরের সমান কিন্তু ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের দ্বিগুণ। 3 kg ভরের একটি বস্তু উভয় গ্রহের পৃষ্ঠ হতে  $9 \text{ km s}^{-1}$  বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো। পৃথিবীর ভর  $5.97 \times 10^{24} \text{ kg}$  এবং ব্যাসার্ধ  $6.4 \times 10^6 \text{ m}$ ।
- ক. স্থিতিস্থাপক সংঘর্ষ কাকে বলে? ১
- খ. কৌণিক ভরবেগের দিক কীভাবে পাওয়া যায়, ব্যাখ্যা কর। ২
- গ. পৃথিবীর মুক্তবেগ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের নিক্ষেপিত বস্তুটি উভয় গ্রহে ফিরে আসবে কি-না - গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ A ও B দুইটি ধাতব তার। তাদের দৈর্ঘ্য যথাক্রমে 2 m ও 2.05 m এবং তাদের ব্যাস যথাক্রমে 2 mm ও 5 mm। তার দুটিতে সমান ভরের বস্তু ঝুলালে A তারের প্রসারণ B তারের প্রসারণ অপেক্ষা দ্বিগুণ হয়। A তারের পয়সনের অনুপাত 0.4।
- ক. স্থিতিস্থাপক সীমা বলতে কী বুঝ? ১
- খ. অসহ পীড়ন  $4.5 \times 10^7 \text{ N m}^{-2}$  বলতে কী বুঝ? ২

- গ. A তারের দৈর্ঘ্য 25% বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতটুকু হ্রাস পাবে? ৩
- ঘ. উদ্দীপকের কোন তারটির স্থিতিস্থাপকতা বেশি- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৬ ▶ দুটি স্প্রিং এর স্প্রিং ধ্রুবক  $K_1 = 1000 \text{ N m}^{-1}$  এবং  $K_2 = 2000 \text{ N m}^{-1}$ ।  $m = 4.5 \text{ kg}$  ও  $m'$  ভরের দুটি বস্তু চিত্র অনুসারে যুক্ত থেকে মসৃণ মেঝেতে দুলতে সক্ষম।



- ক. ভূস্থির উপগ্রহ কাকে বলে? ১
- খ. সরল দোলগতি পর্যাবৃত্ত গতি; কিন্তু পর্যাবৃত্তগতি সরল দোলগতি নয়- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের ২নং চিত্রে স্প্রিং এর কৌণিক কম্পাঙ্ক কত হবে? ৩
- ঘ.  $m' = 1 \text{ kg}$  হলে উদ্দীপকের ১নং ও ৩নং চিত্রের স্প্রিংগুলোর পর্যায়কাল সমান হবে- বক্তব্যটি যাচাই কর। ৪
- ৭ ▶ একদিন কোনো এক স্থানের নিম্নোক্ত তথ্যাদি পাওয়া গেল :
- ঘরের মধ্যে : শুষ্ক বায়ু তাপমাত্রা =  $32^\circ\text{C}$   
 আর্দ্র বায়ু তাপমাত্রা =  $28^\circ\text{C}$   
 $32^\circ\text{C}$  তাপমাত্রায় গ্লেইসারের ধ্রুবক = 1.63  
 $24^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পচাপ = 22.38 mmHg  
 $26^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পচাপ = 25.21 mmHg  
 $32^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পচাপ = 35.66 mmHg  
 ঘরের বাইরে : তাপমাত্রা =  $14^\circ\text{C}$   
 $14^\circ\text{C}$  তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পচাপ = 12.0 mmHg  
 আপেক্ষিক আর্দ্রতা = 80%
- ক. কৌণিক ভরবেগ কাকে বলে? ১
- খ. পরম আর্দ্রতা বৃদ্ধির সাথে অণুর গড় বর্গবেগও বৃদ্ধি পায়-ব্যাখ্যা কর। ২
- গ. ঘরের মধ্যে শিশিরাক্ষ বের কর। ৩
- ঘ. ঐ দিন ঘরের বাইরে না ভিতরে ভেজা কাপড় দ্রুত শুকাবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৮ ▶ শান্ত বাতাসে  $6 \text{ km h}^{-1}$  বেগে বৃষ্টি পড়ছে। এ সময়ে সাইকেলে চড়ে আবিদ  $8 \text{ km h}^{-1}$  বেগে বাড়ি ফিরছে। হঠাৎ আবিদের চলার বিপরীত দিকে  $2 \text{ km h}^{-1}$  বেগে বাতাস প্রবাহিত হতে লাগল। উভয় ক্ষেত্রে বৃষ্টি থেকে বাঁচতে আবিদ ছাতা ব্যবহার করল।
- ক. মুক্তি বেগ কী? ১
- খ. বল ও সরণ শূন্য না হলেও কাজ শূন্য হতে পারে কি? ব্যাখ্যা কর। ২
- গ. স্থির বাতাসে বৃষ্টির লব্ধি বেগ নির্ণয় কর। ৩
- ঘ. বাতাস প্রবাহিত হওয়ার আগে ও পরে একইভাবে ছাতা ধরলে আবিদ বৃষ্টি থেকে রক্ষা পাবে কি-না? গাণিতিকভাবে যাচাই কর। ৪

সেট-০১

রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 174


সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১▶



অরণ মাঝি  $8 \text{ km h}^{-1}$  বেগে নৌকা চালিয়ে নদীর প্রস্থ বরাবর পার হয়। বরণ মাঝি একই বেগে নদীর প্রস্থ বরাবর নৌকা চালায়। নদীর প্রস্থ  $2 \text{ km}$ ।

- ক. ভেক্টর যোগের ত্রিভুজ সূত্রটি লেখ। ১  
খ. ট্রিলি বেগের হাতল লম্বা রাখার সুবিধা কী? ২  
গ. উদ্দীপকে অরণ মাঝিকে কোন দিকে নৌকা চালাতে হয়েছিল? ৩  
ঘ. উদ্দীপকের কোন মাঝি কম সময়ে নদীর পার হবে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

২▶ একটি ভারি চাকার ভর  $40 \text{ kg}$  এবং জড়তার ভ্রামক  $4000 \text{ kg m}^2$ । চাকাটি প্রতি মিনিটে 100 বার ঘুরছে। রহমান সাহেব চাকাটিকে 2 মিনিটে থামানোর জন্য  $300 \text{ N m}$  বাধাদানকারী টর্ক প্রয়োগ করল।

- ক. মহাকর্ষীয় বিভব কী? ১  
খ. দরজার হাতল মাঝে না রেখে প্রান্তে রাখা হয় কেন? ২  
গ. উদ্দীপকে চাকাটির ঘূর্ণন গতিশক্তি নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকে রহমান সাহেব নির্দিষ্ট সময়ে চাকাটি থামাতে সক্ষম হবে কি-না? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে তোমার মতামত দাও। ৪

৩▶ তিনটি ভেক্টর রাশি যথাক্রমে  $\vec{A} = 2\hat{i} + 2\hat{j} - \hat{k}$ ,  $\vec{B} = 6\hat{i} - 3\hat{j} + 4\hat{k}$  এবং  $\vec{C} = (6xy + z^2)\hat{i} - (3x^2 - z)\hat{j} + (3xz^2 - y)\hat{k}$ ।

- ক. রাস্তার ব্যাংকিং কী? ১  
খ. তিনটি ভেক্টরের লব্ধি কখন শূন্য হয়? ২  
গ.  $\vec{A}$  ও  $\vec{B}$  ভেক্টরদ্বয়ের লম্বদিকে একক ভেক্টর নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকে  $\vec{C}$  ভেক্টরটিকে অঘূর্ণনশীল কি-না যাচাই কর। ৪

৪▶ একটি পানিপূর্ণ কুয়ার গভীরতা  $12 \text{ m}$  এবং ব্যাসার্ধ  $1.2 \text{ m}$ । একটি পাম্প 20 মিনিটে কুয়াটিকে পানিশূন্য করতে পারে। পাম্পটির ক্ষমতা 52% নষ্ট হলেও পাম্পচালক কুয়াটির সম্পূর্ণ পানি একই পাম্প দ্বারা দ্বিগুণ সময়ে খালি করা সম্ভব বলে মন্তব্য করেন।

- ক. অসংরক্ষণশীল বল কী? ১  
খ. একটি স্প্রিং এর স্প্রিং ধ্রুবক  $2.5 \text{ N m}^{-1}$  বলতে কী বুঝায়? ২  
গ. কুয়াটিকে পানিশূন্য করতে কৃতকাজের পরিমাণ নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকে পাম্পচালকের মন্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৫▶ পৃথিবীর পৃষ্ঠ হতে  $500 \text{ km}$  উচ্চতায় একটি কৃত্রিম উপগ্রহ স্থাপন করা হলো। পৃথিবীর ব্যাসার্ধ  $6400 \text{ km}$  এবং পৃথিবীর পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ  $9.81 \text{ m s}^{-2}$ ।

- ক. দশা কী? ১  
খ. পৃথিবীর ঘনত্বের পরিবর্তনে অভিকর্ষজ ত্বরণের পরিবর্তন হবে কী? ২  
গ. উদ্দীপকের উচ্চতায় অভিকর্ষজ ত্বরণের মান নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের উপগ্রহটি ভূস্থির উপগ্রহে রূপান্তর সম্ভব কিনা? গাণিতিক বিশ্লেষণসহ তোমার মতামত দাও। ৪

৬▶ সুমন 2 বর্গমিলিমিটার প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল এবং 9 m দীর্ঘ একটি তার নিয়ে নিচের প্রান্তে  $12 \text{ kg}$  ভর ঝুলিয়ে দিল। এতে তারের দৈর্ঘ্য বৃদ্ধি ঘটল আদি দৈর্ঘ্যের 0.001%। ইস্পাতের ইয়ং-এর গুণাঙ্ক  $20 \times 10^{10} \text{ N m}^{-2}$ ।

- ক. অসহ পীড়ন কী? ১  
খ. দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে দোলনকালের কী পরিবর্তন ঘটবে? ২  
গ. উদ্দীপকে তারের উপর প্রযুক্ত পীড়ন নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকে সুমনের ব্যবহৃত তারটি ইস্পাত ছিল কি-না যাচাই কর। ৪

৭▶ দুটি সেকেন্ড দোলকের ববের ভর যথাক্রমে  $80 \text{ gm}$  ও  $110 \text{ gm}$ । রায়হান ও পাভেল পৃথকভাবে দোলক দুটিকে  $12 \text{ cm}$  বিস্তারে দুলাতে দিল। রায়হান মন্তব্য করল তার দোলকটি বেশি শক্তি অর্জন করবে।

- ক. সেকেন্ড দোলক কী? ১  
খ. সীসার আয়তন গুণাঙ্ক  $1.6 \times 10^{10} \text{ N m}^{-2}$  বলতে কী বুঝ? ২  
গ. সাম্যাবস্থান থেকে  $10 \text{ cm}$  দূরে পাভেলের দোলকটির বেগ নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকে রায়হানের মন্তব্যের সঠিকতা যাচাই কর। ৪

৮▶ রংপুর আবহাওয়া অফিস একদিন সিজ ও শুষ্ক বায়ু আর্দ্রতা মাপক যন্ত্রের শুষ্ক বায়ুর পাঠ  $28^\circ \text{C}$  ও সিজ বায়ুর পাঠ  $26^\circ \text{C}$  পেল।  $28^\circ \text{C}$  তাপমাত্রায় গ্লেসিয়ারের উৎপাদক 1.65।  $24^\circ \text{C}$ ,  $25^\circ \text{C}$  ও  $28^\circ \text{C}$  তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পচাপ যথাক্রমে 22.38, 24.21 এবং  $27.78 \text{ mm HgP}$ । ঐদিন বরিশালের আপেক্ষিক আর্দ্রতা ছিল 65%।

- ক. শক্তির সমবিভাজন নীতি কী? ১  
খ. একই তাপমাত্রায় ঢাকা অপেক্ষা কক্সবাজারে অস্থিতকর অনুভূত হয় কেন? ২  
গ. রংপুরে ঐ দিনের শিশিরাঙ্ক কত? ৩  
ঘ. রংপুর ও বরিশালের মধ্যে কোথায় ভিজা কাপড় তাড়াতাড়ি শুকাবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪

সেট-০৩

যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 174


সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৩০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. একক ভেক্টর কাকে বলে? ১  
 খ. দুটি অসমান ভেক্টরের লব্ধি শূন্য হতে পারে না কেন? ব্যাখ্যা কর। ২  
 গ. উদ্দীপকের  $\vec{OA}$  ভেক্টরটি Y অক্ষের সাথে কত কোণ উৎপন্ন করবে? ৩  
 ঘ. উদ্দীপকের  $\vec{OA}$  এবং  $\vec{OB}$  ভেক্টরদ্বয় পরস্পর লম্ব কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪

২ ▶



উপরের চিত্রের সরু ও সুষম দণ্ডের দৈর্ঘ্য  $AB = 1$  m এবং ভর 2 kg. দণ্ডটি তার দৈর্ঘ্যের সাথে লম্বভাবে গমনকারী PQ অক্ষের সাপেক্ষে সুষম কৌণিক বেগে ঘূর্ণায়মান।

- ক. বলের ঘাত কাকে বলে? ১  
 খ. সমবেগে উঠানামা করা লিফটের যাত্রীর ওজনের পরিবর্তন হয় না কেন? ব্যাখ্যা কর। ২  
 গ. উদ্দীপকের দণ্ডটির জড়তার ভ্রামক নির্ণয় কর। ৩  
 ঘ. উদ্দীপকের দণ্ডটির ঘূর্ণন অক্ষ মধ্যবিন্দু O থেকে A বিন্দুতে স্থানান্তর হলে চক্রগতির ব্যাসার্ধের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪
- ৩ ▶ পানিপূর্ণ একটি কুয়ার গভীরতা 10 m এবং ব্যাস 2 m। কুয়াটিকে পানিশূন্য করার জন্য 2 HP ক্ষমতার একটি পাম্প চালু করা হলো। অর্ধেক পানি পূর্ণ হওয়ার পর পাম্পটি নষ্ট হলে 3 HP ক্ষমতার অপর একটি পাম্প চালু করে কুয়াটিকে পানিশূন্য করা হলো।
- ক. অসংরক্ষণশীল বল কাকে বলে? ১  
 খ. সমতলে হাঁটা অপেক্ষা সিঁড়ি দিয়ে হেঁটে উপরে উঠা কষ্টকর- ব্যাখ্যা কর। ২  
 গ. উদ্দীপকের প্রথম পাম্পটি মিনিটে কী পরিমাণ পানি উত্তোলন করবে? ৩  
 ঘ. উদ্দীপকের উভয় পাম্পের ক্ষেত্রে প্রয়োজনীয় সময় একই ছিল কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৪ ▶ কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ কেন্দ্র হতে  $3.6 \times 10^4$  km উচ্চতায় একটি কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ করা হলো। যেখানে অভিকর্ষজ ত্বরণ  $g = 9.8$  m s<sup>-2</sup>। পৃথিবীর ব্যাসার্ধ এবং মহাকর্ষ প্রবলক যথাক্রমে  $6.4 \times 10^6$  m এবং  $6.7 \times 10^{-11}$  N m<sup>2</sup> kg<sup>-2</sup>।
- ক. পার্কিং কক্ষপথ কী? ১  
 খ. মুক্তিবৈগ বস্তুর ভরের উপর নির্ভরশীল নয়- ব্যাখ্যা কর। ২

- গ. কৃত্রিম উপগ্রহটির বেগ নির্ণয় কর। ৩  
 ঘ. কৃত্রিম উপগ্রহটি ভূস্থির হবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৫ ▶ একটি সেকেন্ড দোলককে পাহাড়ের পাদদেশ থেকে চূড়ায় নিয়ে যাওয়া হলে দিনে 50 sec সময় হারায়। পৃথিবীর ব্যাসার্ধ 6400 km, অভিকর্ষজ ত্বরণ  $9.8$  m s<sup>-2</sup>।
- ক. পর্যায়কাল কাকে বলে? ১  
 খ. একটি স্প্রিংয়ের স্প্রিং প্রবলক  $2.5$  N m<sup>-1</sup> বলতে কী বুঝ? ২  
 গ. উদ্দীপকের পাহাড়ের চূড়ায় সরল দোলকের দোলনকাল নির্ণয় কর। ৩  
 ঘ. কী কৌশল অবলম্বন করলে উদ্দীপকের দোলকটি পাহাড়ের চূড়ায়ও সেকেন্ড দোলকের ন্যায় আচরণ করবে? গাণিতিক যুক্তিসহ উত্তর দাও। ৪
- ৬ ▶ 6 m দৈর্ঘ্যের এবং 0.6 mm ব্যাসার্ধের একটি ইস্পাতের এবং অপর একটি সীসার তারের শেষ প্রান্তে 25 kg ভর ঝুলিয়ে দিলে তারের দৈর্ঘ্য প্রসারণ যথাক্রমে 0.026 m এবং 0.325 m পাওয়া গেল। ইস্পাতের তারের ইয়ং এর গুণাঙ্ক  $2 \times 10^{11}$  N m<sup>-2</sup>।
- ক. স্থিতিস্থাপক ক্লাস্টিকি কাকে বলে? ১  
 খ. আন্তঃআণবিক বলের সাহায্যে পদার্থের স্থিতিস্থাপকতা ব্যাখ্যা কর। ২  
 গ. উদ্দীপকের ইস্পাতের তারের ব্যাসার্ধ  $8.58 \times 10^{-4}$  mm হ্রাস পেলে পয়সনের অনুপাত নির্ণয় কর। ৩  
 ঘ. উদ্দীপকের তারদ্বয়ের মধ্যে কোনটি বেশি স্থিতিস্থাপক? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৭ ▶ কোনো একদিন ঢাকার তাপমাত্রা 35 °C এবং আপেক্ষিক আর্দ্রতা 50%। একই দিনে রাজশাহীতে স্থাপিত একটি হাইগ্রোমিটারের শুষ্ক বাল্ব থার্মোমিটারের পাঠ 25 °C এবং সিক্ত বাল্ব থার্মোমিটারের পাঠ 19 °C। [25 °C তাপমাত্রায় G এর মান 1.65। 15 °C, 16 °C ও 25 °C তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ যথাক্রমে 12.77 mm, 13.71 mm, 23.7 mm পারদ]
- ক. গড়মুক্ত পথ কাকে বলে? ১  
 খ. মেঘলা রাত্রি শিশির জমার জন্য সহায়ক নয় কেন? ব্যাখ্যা কর। ২  
 গ. রাজশাহীর শিশিরাঙ্ক নির্ণয় কর। ৩  
 ঘ. উদ্দীপকের কোন স্থানে ঐ দিন ভেজা কাপড় দ্রুত শুকাবে? গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪
- ৮ ▶ 200 gm নাইট্রোজেন গ্যাস ভর্তি একটি বেলুনকে সমুদ্রের তলদেশে নিয়ে যাওয়ায় আয়তন অর্ধে হয়ে গেল। সমুদ্র পৃষ্ঠের চাপ  $10^5$  N m<sup>-2</sup> এবং তাপমাত্রা 30 °C। সমুদ্রের তলদেশের তাপমাত্রা 15 °C। পানির ঘনত্ব  $1000$  kg m<sup>-3</sup>,  $g = 9.8$  m s<sup>-2</sup>,  $R = 8.314$  J mol<sup>-1</sup> K<sup>-1</sup>
- ক. আপেক্ষিক আর্দ্রতার সংজ্ঞা দাও। ১  
 খ. আকাশ মেঘলা থাকলে শিশির পড়ে না কেন? ব্যাখ্যা কর। ২  
 গ. সমুদ্র পৃষ্ঠে নাইট্রোজেনের মোট গতিশক্তি নির্ণয় কর। ৩  
 ঘ. তাপমাত্রার পরিবর্তন বিবেচনায় সমুদ্রের গভীরতা নির্ণয় করা সম্ভব কি? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

সেট-০১

কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 174


সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶



চিত্র-১



চিত্র-২


২.২ km প্রস্থের একটি নদীতে শোভের বেগ  $3 \text{ km h}^{-1}$ । সাঁতার প্রতিযোগিতায় নদী পাড়ি দেওয়ার লক্ষ্যে সাঁতার  $5 \text{ km h}^{-1}$  বেগে চিত্র-১ অনুসারে এবং দ্বিতীয় সাঁতার একই বেগে চিত্র-২ অনুসারে সাঁতার আরম্ভ করল।

- একক ভেক্টর কাকে বলে? ১
- নৌকার গুণ টানার ক্ষেত্রে লম্বা রশি দিয়ে গুণ টানা হয় কেন? ব্যাখ্যা কর। ২
- প্রথম সাঁতারের লব্ধি বেগ নির্ণয় কর। ৩
- উক্ত সাঁতার প্রতিযোগিতার ফলাফল গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ P ও Q দুটি গোলকের ভর যথাক্রমে  $0.025 \text{ kg}$  ও  $0.05 \text{ kg}$ । P ও Q গোলকদ্বয়কে ২টি পৃথক সূতার সাহায্যে বেঁধে যথাক্রমে  $0.909 \text{ m}$  ও  $0.709 \text{ m}$  ব্যাসার্ধের বৃত্তাকার পথে আনুভূমিকভাবে মিনিটে ৩০ বার ঘুরানো হচ্ছে। সুতাটি সর্বোচ্চ  $0.275 \text{ N}$  বল সহ্য করতে পারে।

- টর্কের সংজ্ঞা দাও। ১
- রাস্তার ব্যাধিকং এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
- P গোলকের কৌণিক ভরবেগ কত? ৩
- P ও Q গোলকের সূতার মধ্যে কোন সুতাটি ছিঁড়ে যাবে? গাণিতিকভাবে বিশ্লেষণপূর্বক যুক্তি দাও। ৪

৩ ▶



শিশুপার্কে স্থাপিত একটি স্লিপারের উচ্চতা  $BC = 2 \text{ m}$  এবং হেলানো তলটি  $30^\circ$  কোণে ঢালু।  $25 \text{ kg}$  ভরের একজন শিশু স্লিপারের শীর্ষবিন্দু (B) থেকে ঘর্ষণহীনভাবে স্লিপিং করে ভূমিতে A বিন্দুতে পৌঁছে।

- অশ্ব ক্ষমতা কাকে বলে? ১
- পৃথিবীর চারদিকে চাঁদ একবার ঘুরে আসলে কৃতকাজ কীভাবে হবে? ব্যাখ্যা কর। ২
- আনত স্লিপারের দৈর্ঘ্য হিসাব কর। ৩
- উদ্দীপক অনুসারে স্লিপারের দৈর্ঘ্যের এক-চতুর্থাংশ দূরত্ব (D) ও অর্ধেক দূরত্ব (E) অতিক্রমকালে যান্ত্রিক শক্তির পরিমাণ সমান হবে কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৪ ▶ সূর্যের চারদিকে পৃথিবীর কক্ষপথ উপবৃত্তাকার। সূর্য হতে পৃথিবীর নিকটতম ও দূরতম দূরত্ব যথাক্রমে  $1.47 \times 10^{14} \text{ m}$  এবং  $1.52 \times 10^{14} \text{ m}$ । একজন শিক্ষার্থী হিসাব করে বলল পৃথিবীকে নিকটতম হতে দূরতম দূরত্বে সরতে মহাকর্ষ বলের

বিরুদ্ধে  $1.8 \times 10^{29} \text{ J}$  কাজ সম্পাদন করতে হয়। সূর্য ও পৃথিবীর ভর যথাক্রমে  $2 \times 10^{30} \text{ kg}$  এবং  $5.96 \times 10^{24} \text{ kg}$ ।

- মহাকর্ষ বিভব কাকে বলে? ১
  - মুক্তভাবে পড়ন্ত বস্তুর ক্ষেত্রে h বনাম  $t^2$  লেখচিত্রের প্রকৃতি কিরূপ হবে? ব্যাখ্যা কর। ২
  - সূর্য হতে ন্যূনতম দূরত্বে পৃথিবীর কেন্দ্রাভিমুখী বল নির্ণয় কর। ৩
  - উদ্দীপকে উল্লিখিত শিক্ষার্থীর হিসাবের যথার্থতা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ একটি ধাতব তারে  $10 \text{ kg}$  ভর বুলানোর ফলে এর দৈর্ঘ্য দ্বিগুণ ও ব্যাস তিন-চতুর্থাংশ হয়।


ধাতু	ইয়ং এর গুণাঙ্ক (Y)
Al	$7 \times 10^{10} \text{ N m}^{-2}$
Fe	$11.5 \times 10^{10} \text{ N m}^{-2}$
Cu	$13 \times 10^{10} \text{ N m}^{-2}$

- স্থিতিস্থাপকতা কী? ১
  - তাপমাত্রা বাড়ালে স্থিতিস্থাপকতা গুণাঙ্কের মান কমে কেন? ব্যাখ্যা কর। ২
  - উক্ত ধাতব তারের পয়সনের অনুপাত কত? ৩
  - উদ্দীপক অনুসারে ধাতব তারটি কী দিয়ে তৈরি? গাণিতিক বিশ্লেষণপূর্বক তোমার মতামত দাও। ৪
- ৬ ▶ নার্নস পদার্থবিজ্ঞান পরীক্ষাগারে  $550 \text{ gm}$  ভরের একটি বস্তুকে একটি বুলন্ত সূতার একপ্রান্তে বেঁধে দোল দিয়ে দেখল যে, এটি ৫ সেকেন্ডে ৩ বার স্পন্দিত হচ্ছে। দোলনের কোনো এক সময় বস্তুটির সরণ  $6 \text{ cm}$  এবং দোলনের বিস্তার  $11 \text{ cm}$ ।
- পর্যাবৃত্ত গতি কী? ১
  - পৃথিবী নিজ অক্ষের সাপেক্ষে সমদ্রুতিতে আবর্তনের হলেও সূর্যের চারপাশে নয়- ব্যাখ্যা কর। ২
  - উদ্দীপকে উল্লিখিত সরণকালে বস্তুটির বেগ নির্ণয় কর। ৩
  - উল্লিখিত সরণের জন্য বস্তুটির উপর ক্রিয়াশীল বল বস্তুর ওজন অপেক্ষা কম কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৭ ▶ কোনো এলাকায় একদিন শুরু ও সিক্ত বায়ু হাইগ্রোমিটারের পাঠ যথাক্রমে  $20^\circ \text{ C}$  এবং  $12.8^\circ \text{ C}$  পাওয়া গেল।  $20^\circ \text{ C}$  তাপমাত্রায় গ্লোইসারের উৎপাদক  $1.79$ ।  $7^\circ \text{ C}$ ,  $8^\circ \text{ C}$  এবং  $20^\circ \text{ C}$  তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পচাপ যথাক্রমে  $7.5 \times 10^{-3} \text{ mHgP}$ ,  $8.1 \times 10^{-3} \text{ mHgP}$  এবং  $17.4 \times 10^{-3} \text{ mHgP}$ ।

- স্বাধীনতার মাত্রা কাকে বলে? ১
- পরমশূন্য তাপমাত্রায় গ্যাসের গতিশক্তি শূন্য হয়- ব্যাখ্যা কর। ২
- ঐদিন উক্ত এলাকার শিশিরাক্ষ নির্ণয় কর। ৩
- উদ্দীপকে উল্লিখিত ঐদিনে উক্ত এলাকার আবহাওয়া সম্পর্কে গাণিতিক বিশ্লেষণসহ মন্তব্য কর। ৪

৮ ▶



- ভেক্টর ক্ষেত্রের ডাইভারজেন্স কাকে বলে? ১
- অবস্থান ভেক্টর একটি সীমাবদ্ধ ভেক্টর- ব্যাখ্যা কর। ২
- বল দুটির লব্ধি X-অক্ষের সাথে যে কোণে ক্রিয়াশীল তা নির্ণয় কর। ৩
- বল দুটির লব্ধির আনুভূমিক উপাংশ ও উল্লম্ব উপাংশের মধ্যে কোনটি বেশি? তোমার মতামত গাণিতিক যুক্তিসহ দাও। ৪

সেট-০১

চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 174

সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ 500 m প্রস্থের একটি নদীতে  $6 \text{ km h}^{-1}$  বেগে শ্রোত প্রবাহিত হচ্ছে। এই নদীটি মাহীর ও নিধি প্রতিযোগিতার উদ্দেশ্যে সাঁতার কেটে পার হওয়ার সিদ্ধান্ত নিলো। মাহীর  $10 \text{ km h}^{-1}$  বেগে শ্রোতের সাথে  $\alpha$  কোণে এবং নিধি  $9 \text{ km h}^{-1}$  বেগে শ্রোতের সাথে লম্বভাবে সাঁতার কাটতে শুরু করল।

- ক. সরণ ভেক্টর কী? ১  
খ. নৌকার গুণ টানার সময় দড়ি যত লম্বা হয় নৌকা তত দ্রুত চলে কেন? ব্যাখ্যা কর। ২  
গ.  $\alpha$  কোণের মান কত হলে মাহীর সোজাসুজি নদীর অপর পাড়ে পৌঁছাবে? ৩  
ঘ. উদ্দীপক অনুসারে কে জিতবে? গাণিতিক বিশ্লেষণসহ মতামত দাও। ৪


২ ▶ একদিন একটি অঞ্চলে তাপমাত্রা ও বাতাসের বেগ পাওয়া গেলো যথাক্রমে,  $Q = 2xy^2z^3 - 4xy$  ও  $\vec{V} = (y^2 \cos x + z^3) \hat{i} + (2y \sin x - 4) \hat{j} + (3xz^2 + 2) \hat{k}$ ।

- ক. ডট গুণন কী? ১  
খ. ঘূর্ণনরত পৃথিবী সূর্য হতে দূরে সরে গেলে এর বেগ কমে যায় কেন? ব্যাখ্যা কর। ২  
গ.  $(1, -1, 2)$  বিন্দুতে ঐ অঞ্চলের তাপমাত্রার গ্রেডিয়েন্ট নির্ণয় কর। ৩  
ঘ. ঐদিন ঐ অঞ্চলের বাতাসে কোনো ঘূর্ণন ছিলো কিনা তা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মত দাও। ৪

৩ ▶  $72 \text{ km h}^{-1}$  বেগে চলমান  $1800 \text{ kg}$  ভরের একটি বড় গাড়ি সামনে দাঁড়িয়ে থাকা  $1000 \text{ kg}$  ভরের একটি ছোট গাড়িকে পিছন দিক থেকে সজোরে ধাক্কা দিলো। ধাক্কার পর গাড়ি দুটি একত্রিত হয়ে  $60 \text{ m}$  গিয়ে থেমে গেলো। রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা বিজ্ঞানের ছাত্র মাহী, দুর্ঘটনাটি পর্যবেক্ষণ করে বলল এটি একটি অস্থিতিস্থাপক সংঘর্ষ।

- ক. টর্ক কী? ১  
খ. রাস্তার বাঁকে সাইকেল আরোহীকে ভেতরের দিক থেকে বাঁক নিতে হয় কেন? ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের গাড়ি দুটি থামাতে যে বাধাদানকারী বল ক্রিয়াশীল ছিল তার মান নির্ণয় কর। ৩  
ঘ. মাহীর মন্তব্যের সত্যতা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪

৪ ▶  $1800 \text{ kg}$  ভরের একটি গাড়ি  $60 \text{ km h}^{-1}$  বেগে চলছিল। এটি  $60 \text{ kg}$  ভরের একজন ড্রাইভারসহ নিচের চিত্রের আনত তল বরাবর ইঞ্জিনের সর্বোচ্চ ক্ষমতা ব্যবহার করে A বিন্দু হতে B বিন্দুতে পৌঁছাতে গাড়িটি 30 sec সময় নেয়।  $[g = 9.8 \text{ m s}^{-2}]$



- ক. কর্মদক্ষতা কী? ১  
খ. “বল ও সরণ শূন্য না হলেও কাজ শূন্য হতে পারে”- ব্যাখ্যা কর। ২

গ. গাড়িটির ইঞ্জিনের অক্ষক্ষমতা নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের গাড়িটি অনুভূমিক রাস্তায়  $10 \text{ s}$  এর মধ্যে স্থিরাবস্থা থেকে  $60 \text{ km h}^{-1}$  বেগ অর্জন করতে পারবে কিনা তার গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

ক)  $\vec{A} \cdot \vec{B}$  খ)  $\frac{1}{2} |\vec{A} \times \vec{B}|$   
গ)  $\frac{1}{2} (\vec{A} \cdot \vec{B})$  ঘ)  $|\vec{A} \times \vec{B}|$
১২.  $\vec{P}$  ও  $\vec{Q}$  দুটি ভেক্টর রাশির মধ্যবর্তী কোণ  $120^\circ$  হলে তাদের লব্ধির মান—  
ক)  $P + Q$  খ)  $\sqrt{P^2 + Q^2 + PQ}$   
গ)  $P - Q$  ঘ)  $\sqrt{P^2 + Q^2 - PQ}$
১৩. নিচের কোন সমীকরণটি সঠিক?  
ক)  $\vec{r} = \vec{F} \times \vec{r}$  খ)  $\vec{r} = \vec{P} \times \vec{r}$   
গ)  $\vec{r} = \vec{r} \times \vec{F}$  ঘ)  $\vec{r} = \vec{r} \times \vec{P}$
১৪. একটি বন্দুকের গুলির ভর ও বেগ যদি দ্বিগুণ করা হয় তাহলে গতিশক্তি কত গুণ হবে?  
ক) 2 গুণ খ) 4 গুণ  
গ) 8 গুণ ঘ) 16 গুণ
১৫. গোলাকার চাকতির পৃষ্ঠের অভিলম্বভাবে গমনকারী স্পর্শকের সাপেক্ষে চক্রগতির ব্যাসার্ধ কোনটি?  
ক)  $\frac{1}{2} r$  খ)  $\sqrt{\frac{2}{3}} r$   
গ)  $\sqrt{\frac{3}{2}} r$  ঘ)  $\sqrt{\frac{2}{5}} r$
১৬. পৃথিবীর নিজ অক্ষের ঘূর্ণনের জন্য জাতীয় স্মৃতিসৌধের কৌণিক বেগ কত?  
ক)  $7.27 \times 10^5 \text{ rad s}^{-1}$   
খ)  $0.2618 \text{ rad s}^{-1}$   
গ)  $1.818 \times 10^{-4} \text{ rad s}^{-1}$   
ঘ)  $7.27 \times 10^{-5} \text{ rad s}^{-1}$
১৭. CO-এর জন্য স্বাধীনতার মাত্রা কত?  
ক) 3 খ) 4 গ) 5 ঘ) 6
১৮. যদি সিক্ত ও শুষ্ক বাষ্প হাইড্রোমিটারের সিক্ত ও শুষ্ক বাষ্পের তাপমাত্রার পার্থক্য কম প্রদর্শন করে তাহলে—  
ক) আপেক্ষিক আর্দ্রতা বেশি হবে  
খ) আপেক্ষিক আর্দ্রতা কম হবে  
গ) নিম্ন শিশিরাঙ্ক হবে  
ঘ) শরীরে আরাম অনুভব হবে

■ উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :

সরল ছন্দিত গতিতে দোলনরত একটি কণার সর্বোচ্চ বেগ ও সর্বোচ্চ ত্বরণের মান যথাক্রমে  $15 \text{ cm s}^{-1}$  ও  $30 \text{ cm s}^{-2}$ ।

- উদ্দীপকের কণাটির পর্যায়কাল কত?  
ক) 0.785 s খ) 1.57 s  
গ) 3.14 s ঘ) 6.28 s
- উদ্দীপকে দোলনরত কণার—  
i. বিস্তার 7.5 cm  
ii. সর্বোচ্চ বিস্তারে গতিশক্তি শূন্য  
iii. সাম্যাবস্থানে বিভবশক্তি সর্বোচ্চ  
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii খ) i ও iii  
গ) ii ও iii ঘ) i, ii ও iii
- একটি কৃত্রিম উপগ্রহের কক্ষপথের উচ্চতার সমীকরণ—  
ক)  $h = \left(\frac{GMT^2}{4\pi^2}\right)^{\frac{1}{3}} - R$   
খ)  $h = \left(\frac{GMT^2}{4\pi^2}\right)^3 - R$   
গ)  $h = \left(\frac{4\pi^2}{GMT^2}\right)^{\frac{1}{3}} - R$   
ঘ)  $h = \left(\frac{4\pi^2}{GMT^2}\right)^3 - R$
- একটি বস্তুর উৎক্ষেপণ বেগ কত হলে বস্তুটি পৃথিবীর চারদিকে চাঁদের মতো উপগ্রহে পরিণত হবে?  
ক)  $11.2 \text{ km s}^{-1}$   
খ)  $7.88 \text{ km s}^{-1}$   
গ)  $5.7 \text{ km s}^{-1}$   
ঘ)  $3.24 \text{ km s}^{-1}$
- পয়সনের অনুপাত নিচের কোনটি হতে পারে না?  
ক) -0.9 খ) 0.1  
গ) 0.4 ঘ) 1
- বিকৃতি বনাম পীড়ন লেখচিত্রের ঢাল কী নির্দেশ করে?  
ক) স্থিতিস্থাপক গুণাঙ্ক  
খ) পয়সনের অনুপাত  
গ) মোট কৃতকাজ  
ঘ) একক আয়তনে বিভবশক্তি
- সরল ছন্দিত স্পন্দনরত কণা কত সময় পর পর একই দশাপ্রাপ্ত হয়?  
ক)  $\frac{2\pi}{\omega}$  খ)  $2\pi\omega$   
গ)  $\frac{\pi}{\omega}$  ঘ)  $\frac{\omega}{2\pi}$

সেট-ক

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 174

সময়-২০ মিনিট

পদার্থবিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-১৫

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যেকোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।

১. বস্তুর আণবিক গঠন ও রাসায়নিক বিক্রিয়ার জন্য দায়ী কোন বল?

- ক) মহাকর্ষ বল  
খ) তাড়িতচৌম্বক বল  
গ) সবল নিউক্লিয় বল  
ঘ) দুর্বল নিউক্লিয় বল

২. শূন্য ভেক্টরের ক্ষেত্রে—

- i. শূন্য ভেক্টরের সূনির্দিষ্ট দিক নেই  
ii. শূন্য ভেক্টরের ক্ষেত্রে ত্বরণ থাকে  
iii. শূন্য ভেক্টরের আদিবিন্দু ও শেষ বিন্দু একই বিন্দুতে থাকে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii  
খ) ii ও iii  
গ) i ও iii  
ঘ) i, ii ও iii

একটি ফেরোমিটার দ্বারা একটি কাচ পাতের পুরুত্ব পরিমাপকালে রৈখিক স্কেলের পাঠ 2 mm, বৃত্তাকার স্কেলের পাঠ 25 এবং পীচ 0.5 mm। এ উদ্দীপক থেকে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :

৩. লঘিষ্ঠগণন 0.01 m হলে ফেরোমিটারের বৃত্তাকার স্কেলের দাগ সংখ্যা কত হবে?

- ক) 50  
খ) 100  
গ) 150  
ঘ) 200

৪. কাচ পাতের পুরুত্ব কত?

- ক) 2.25 mm  
খ) 2.25 cm  
গ) 0.225 mm  
ঘ) 0.225 m

৫. একটি ইটের দৈর্ঘ্য 0.48 m, প্রস্থ 0.24 m এবং উচ্চতা 0.12 m। এর ভর 2.5 kg ইটের দৈর্ঘ্যকে অনুভূমিক অবস্থান হতে উল্লম্ব অবস্থানে রাখতে কী পরিমাণ কাজ করতে হবে।

- ক) 5.88 J  
খ) 4.41 J  
গ) 3.456 J  
ঘ) 1.764 J

৬. একটি সেকেন্ড দোলকের কার্যকরী দৈর্ঘ্য 1% বৃদ্ধি করলে, এর দোলনকাল শতকরা কত বৃদ্ধি পাবে?

- ক) 0.2%  
খ) 0.5%  
গ) 1%  
ঘ) 5%

৭. মূল গড় বর্গ বেগ C এবং চাপ P এর মধ্যে সম্পর্ক হলো—

- ক)  $C = \sqrt{\frac{3P}{\rho}}$   
খ)  $C = \sqrt{\frac{3P}{P}}$   
গ)  $C = \sqrt{\frac{P}{3\rho}}$   
ঘ)  $C = \sqrt{\frac{P}{3P}}$

৮. কোনো স্থানে আর্দ্র ও শুষ্ক বায়ু হাইড্রোমিটারের সিক্ত বায়ুর তাপমাত্রা ঐ স্থানের বায়ুর তাপমাত্রার সমান হলে আপেক্ষিক আর্দ্রতার মান হবে—

- ক) 0%  
খ) 30%  
গ) 70%  
ঘ) 100%

নিচের উদ্দীপকের আলোকে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :

$\hat{i}$ ,  $\hat{j}$ ,  $\hat{k}$  তিনটি একক ভেক্টর নির্দেশ করে—

৯.  $\hat{i} \cdot (\hat{k} \times \hat{j}) =$  কত?

- ক) 1  
খ) -1  
গ) 0  
ঘ)  $\hat{k}$

১০. উক্ত ভেক্টর তিনটি যদি একটি ত্রিভুজের তিনবাহু একই ক্রমে নির্দেশ করে তাহলে যে কোনো দুটি ভেক্টরের মধ্যবর্তী কোণ কত?

- ক) 30°  
খ) 60°  
গ) 90°  
ঘ) 120°

উদ্দীপকের আলোকে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :

0.1 kg ভরের একটি স্থির বস্তুর উপর 1 N বল 1 s ক্রিয়া করে—

১১. বস্তুর ত্বরণ কত?

- ক) 0.1 m s<sup>-2</sup>  
খ) 5 m s<sup>-2</sup>  
গ) 10 m s<sup>-2</sup>  
ঘ) 100 m s<sup>-2</sup>

১২. প্রযুক্ত বল অপসারিত হলে গতিশীল বস্তুর পরিণতি কী হবে?

- ক) থেমে যাবে  
খ) সমবেগে চলবে  
গ) সমত্বরণে চলবে  
ঘ) সমমন্দনে চলবে

১৩. SI এককে পীড়নের একক কোনটি?

- ক) Nm  
খ) Nm<sup>-2</sup>  
গ) Nm<sup>-1</sup>  
ঘ) Nm<sup>-3</sup>

১৪. কোনো হ্রদের তলদেশ থেকে পানির উপরিতলে আসায় একটি বুদবুদের ব্যাস তিনগুণ হয়। হ্রদের পানির সর্বত্র তাপমাত্রা ও ঘনত্ব সমান হলে হ্রদের গভীরতা কত?

- [বায়ুর চাপ = 10<sup>5</sup> Nm<sup>-2</sup>]  
ক) 265.3 m  
খ) 81.63 m  
গ) 20.4 m  
ঘ) 9.33 m

১৫. কোনো বস্তুর উপর বাহ্যিক টর্কের লব্ধি শূন্য হলে—

- i. স্থির বস্তু স্থির থাকে  
ii. ঘূর্ণায়মান বস্তু থেমে যাবে  
iii. ঘূর্ণায়মান বস্তু সমকৌণিক বেগে ঘুরতে থাকবে

নিচের কোনটি সঠিক?

- ক) i  
খ) ii  
গ) i ও ii  
ঘ) i ও iii

১৬. 1 rps = ?

- ক)  $\frac{\pi}{2}$  rad s<sup>-1</sup>  
খ)  $\pi$  rad s<sup>-1</sup>  
গ) 2 $\pi$  rad s<sup>-1</sup>  
ঘ) 4 $\pi$  rad s<sup>-1</sup>

১৭. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 1% বৃদ্ধি করলে উক্ত দোলকটি দিনে কত সেকেন্ড সময় হারাতে?

- ক) 129.8 s  
খ) 258.5 s  
গ) 327.5 s  
ঘ) 429.8 s

১৮. দ্বিপরাণুক গ্যাসের গতিশক্তির পরিমাণ কত?

- ক)  $\frac{1}{2}$  kT  
খ)  $\frac{3}{2}$  kT  
গ)  $\frac{7}{2}$  kT  
ঘ)  $\frac{5}{2}$  kT

১৯. m ভরের একটি বস্তু সরল ছন্দিত স্পন্দনে গতিশীল আছে। এর কৌণিক কম্পাংক হবে—

- ক)  $\omega = 2\pi \sqrt{\frac{m}{k}}$   
খ)  $\omega = 2\pi \sqrt{\frac{k}{m}}$   
গ)  $\omega = \sqrt{\frac{m}{k}}$   
ঘ)  $\omega = \sqrt{\frac{k}{m}}$

২০. পৃথিবীর ব্যাসার্ধ R, পৃথিবীর কেন্দ্র থেকে কোনো বিন্দুর দূরত্ব r এবং অভিকর্ষজ ত্বরণ g এর মধ্য সম্পর্ক—

- i.  $g \propto r$ , যখন  $r < R$  হয়  
ii.  $g \propto \frac{1}{r}$ , যখন  $r > R$  হয়  
iii.  $g \propto \frac{1}{r}$ , যখন  $r = R$  হয়





নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii  
খ) ii ও iii  
গ) i ও iii  
ঘ) i, ii ও iii

২১. পয়সনের অনুপাতের মান কোনটি?

- ক)  $-\frac{1}{2} \leq \sigma \leq 1$   
খ)  $-1 \leq \sigma \leq \frac{1}{2}$   
গ)  $\frac{1}{2} \leq \sigma \leq 1$   
ঘ)  $1 \leq \sigma \leq 2$


২২. সরল ছন্দিত স্পন্দন সম্পন্ন কোনো কণার সরণের সমীকরণ  $x = A \sin \omega t$  হলে বেগ সময় লেখচিত্র হবে—

- ক)   
খ)   
গ)   
ঘ) 

২৩. পৃথিবীর পৃষ্ঠ হতে h উচ্চতায় অভিকর্ষীয় ত্বরণ  $\frac{g}{4}$  হলে কোনো বস্তু সেখানে তার ওজন হারাতে—

- ক) 25%  
খ) 75%  
গ) 85%  
ঘ) 90%

২৪. 5 kg ভরের একটি বস্তু 5 m s<sup>-1</sup> সমদ্রুতিতে 5 m ব্যাসার্ধের বৃত্ত পথে চিত্রানুযায়ী ঘুরছে। কেন্দ্রমুখী বলের দিক কোন দিকে হবে—



- ক) উত্তর  
খ) দক্ষিণ  
গ) পূর্ব  
ঘ) পশ্চিম

২৫. 7 kg ভরের একটি বস্তু একটি স্থির বস্তুর সাথে স্থিতিস্থাপক সংঘর্ষে লিপ্ত হলো। সংঘর্ষের পর বস্তু একই দিকে আদি বেগের এক-চতুর্থাংশ বেগ নিয়ে চলতে থাকে। স্থির বস্তুর ভর কত?

- ক) 2.2 kg  
খ) 4.2 kg  
গ) 8.2 kg  
ঘ) 14.2 kg

শীর্ষস্থানীয় কলেজসমূহের  
নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURE SUCCESS

## মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

বিষয় কোড : 1 7 4

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

## পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ ভেক্টর,  $\vec{A} = (6xy + z^3)\hat{i} + (3x^2 - z)\hat{j} + (3xz^2 - y)\hat{k}$
- ক. স্থিতিস্থাপক সংঘর্ষ কাকে বলে? ১
- খ. হৃৎপিণ্ডের স্পন্দন এবং গ্রহের ঘূর্ণন কালিক পর্যায়ক্রম।  
-ব্যাখ্যা কর। ২
- গ. (1, -1, 1) বিন্দুতে ডাইভারজেন্স নির্ণয় কর। ৩
- ঘ. ভেক্টর  $\vec{A}$  কি অঘূর্ণনশীল?— গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪
- ২ ▶ 250 kg ভরের একটি গাড়ি উল্লম্বের সাথে  $66.42^\circ$  কোণে আনত একটি রাস্তা ধরে  $12.393 \text{ m s}^{-1}$  বেগে নিচে নামার সময় গাড়ির চালক ব্রেক করায় 30 m দূরত্ব অতিক্রম করার পর থেমে গেল।
- ক. ব্যাসার্ধ ভেক্টর কী? ১
- খ. স্কেলার গুণন বিনিময় সূত্র মেনে চলে, কিন্তু ভেক্টর গুণন বিনিময় সূত্র মেনে চলে না কেন?— ব্যাখ্যা কর। ২
- গ. গাড়িটি থামাতে বাধাদানকারী বলের মান নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে শক্তির সংরক্ষণশীলতার নীতি রক্ষিত হবে কী? গাণিতিক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪
- ৩ ▶ 2 kg ভরের একটি নারকেল 11 m উচ্চতা হতে সোজা নিচের দিকে পড়ছে। নিচে পড়ার সময় এটি 2.6 N বাতাসের বাধাজনিত বলের সম্মুখীন হয়। কিন্তু এটি ভূমি স্পর্শ করার 1 s পর থেমে যায়।
- ক. পার্কিং কক্ষপথ কী? ১
- খ. গ্রীষ্মকালে দোলক ঘড়ি ধীরে চলে কেন— ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের নারকেলটির ভূমিতে পৌঁছাতে কত সময় লাগবে? ৩
- ঘ. নারকেলটির সর্বোচ্চ প্রতিরোধ বল 20 N হলে, এটি ভেঙে যাবে কিনা?— গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪
- ৪ ▶ রাফি পরীক্ষাগারে একটি তার ইস্পাতের তৈরি কি না যাচাই করছিল। এজন্য সে 2 m দীর্ঘ এবং 1.12 mm ব্যাসবিশিষ্ট একটি তার নিল। তারটিতে 25 J বিভবশক্তি প্রয়োগ করায় তারটির দৈর্ঘ্য 3 cm বৃদ্ধি পায় এবং ব্যাস  $5 \times 10^{-3} \text{ mm}$  হ্রাস পায়। বিশুদ্ধ ইস্পাতের ইয়ং-এর গুণাঙ্ক  $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$ ।
- ক. চক্রগতির ব্যাসার্ধ কাকে বলে? ১
- খ. বস্তুর উপর প্রযুক্ত টর্ক 20 Nm বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকের তারটির পয়সনের অনুপাত নির্ণয় কর। ৩
- ঘ. রাফির ব্যবহৃত তারটি ইস্পাতের ছিল কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ ঘর্ষণবিহীন অনুভূমিক তলে  $1000 \text{ Nm}^{-1}$  স্থিৎ প্রবলবিশিষ্ট একটি স্থিৎয়ের এক প্রান্তে 1.58 kg ভরের একটি ঘনাকার বস্তু যুক্ত করা হলো। স্থিৎটিকে 4 cm প্রসারিত করে ছেড়ে দেওয়া হলো।

- ক. শিশিরাক্ষ কাকে বলে? ১
- খ. কোনো স্থির ভরের গ্রহের প্রসারণের ফলে কি কোনো বস্তুর মুক্তিবৈগ পরিবর্তিত হবে? — ব্যাখ্যা কর। ২
- গ. স্থিৎয়ের কম্পনের কম্পাঙ্ক নির্ণয় কর। ৩
- ঘ. কম্পনরত স্থিৎ এর বেগ বনাম সময় লেখচিত্র গাণিতিক বিশ্লেষণসহ ব্যাখ্যা কর। ৪
- ৬ ▶ রনি এবং মনি ল্যাবরেটরিতে হাইড্রোমিটার এবং থার্মোমিটার ব্যবহার করে যথাক্রমে শিশিরাক্ষ  $10.5^\circ \text{ C}$  এবং বায়ুর তাপমাত্রা  $19.4^\circ \text{ C}$  পেলো। এছাড়া তারা রেনোর তালিকা থেকে বিভিন্ন তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ পেলো।

তাপমাত্রা ( $^\circ \text{C}$ )	চাপ (mm HgP)	তাপমাত্রা ( $^\circ \text{C}$ )	চাপ (mm HgP)
10	9.2	19	16.5
11	9.9	20	17.7

- ক. স্বাধীনতার মাত্রা কী? ১
- খ. G কে সার্বজনীন ধ্রুবক বলা হয় কেন? ২
- গ. উক্ত দিনের আপেক্ষিক আর্দ্রতা নির্ণয় কর। ৩
- ঘ. যদি বায়ু চাপ 756 mm HgP হয় তবে উপরের আপেক্ষিক আর্দ্রতা ব্যবহার করে শুষ্ক বায়ুর চাপ নির্ণয় করা সম্ভব কি?— যাচাই কর। ৪
- ৭ ▶ 5 m দীর্ঘ একটি মই একটি ভবনের ছাদের সাথে সংযুক্ত আছে। যা অনুভূমিক রেখার সাথে  $30^\circ$  কোণ তৈরি করেছে। 60 kg ভরের একজন ব্যক্তি 20 kg বোঝা নিয়ে ছাদে ওঠে।
- ক. অশ্বক্ষমতা কাকে বলে? ১
- খ. ঘর্ষণ বল অসংরক্ষণশীল বল— ব্যাখ্যা কর। ২
- গ. ছাদে উঠতে অভিকর্ষ বলের বিরুদ্ধে সে কত কাজ করবে? ৩
- ঘ. সে কত অশ্ব ক্ষমতা প্রয়োগ করবে—  
i. যদি সে 10 s সময়ে ছাদে ওঠে?  
ii. যদি সে হেলানো মই এর পরিবর্তে উল্লম্ব মই ব্যবহার করে 10 s সময়ে ছাদে ওঠে?
- ৮ ▶ বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটের সফলতার পর, বঙ্গবন্ধু-২ স্যাটেলাইট প্রকল্প গ্রহণ করা হয়েছে। একটি রকেট 35,000 kg ভরের বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটকে  $3.6 \times 10^7 \text{ m}$  উচ্চতায় একটি নির্দিষ্ট কক্ষপথে পাঠিয়েছে। পৃথিবীর ভর  $6 \times 10^{24} \text{ kg}$  এবং ব্যাসার্ধ  $6.4 \times 10^6 \text{ m}$ ।
- ক. হকের সূত্র লিখ। ১
- খ. বর্ষাকাল অপেক্ষা শীতকালে ভেজা কাপড় দ্রুত শুকায় কেন? ২
- গ. বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটের বেগ নির্ণয় কর। ৩
- ঘ.  $3.6 \times 10^7 \text{ m}$  উচ্চতায় স্যাটেলাইটকে উৎক্ষেপণের জন্য সম্পাদিত কাজ এবং ঐ উচ্চতায় স্যাটেলাইটের মহাকর্ষীয় বিভবশক্তি কি সমান? — গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

## জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 7 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

### পদার্থবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ কোনো একদিন শান্ত বাতাসে  $35 \text{ km h}^{-1}$  বেগে বৃষ্টি পড়ছিল। তখন একটি গাড়ি রাস্তায়  $72 \text{ km h}^{-1}$  বেগে চলছিল। গাড়িটির পিছনের কাচ অনুভূমিকের সাথে  $45^\circ$  কোণে আনত। কিছুক্ষণ পর বাতাস বইতে শুরু করলো।

- ক. কার্ল কী? ১  
 খ. “দুটি অসমান ভেক্টরের গুণফল শূন্য হতে পারে।”- ব্যাখ্যা কর। ২  
 গ. স্থির বাতাসে গাড়ির পিছনের কাচ ভিজে যাবে কেন? ৩  
 ঘ. বাতাসের নূন্যতম বেগের মান ও দিক কেমন হলে গাড়ির পিছনের কাচ ভিজবে না?— যথাযথ বিশ্লেষণ কর। ৪

২ ▶ 900 kg ভরের একটি গাড়ি 4200 J গতিশক্তি নিয়ে চলছিল। হঠাৎ গাড়িটি 120 m ব্যাসার্ধের বাঁকের সম্মুখীন হলো। রাস্তায় কোনো ব্যাংকিং নেই। গাড়ির চাকা ও রাস্তার মধ্যকার ঘর্ষণ গুণাঙ্ক 0.4।

- ক. সমান্তরাল অক্ষ উপপাদ্যটি বিবৃত কর। ১  
 খ. সংঘর্ষের পর দুটি বস্তু মিলিত হলে স্থিতিস্থাপক সংঘর্ষ হবে কী?— ব্যাখ্যা কর। ২  
 গ. রাস্তার বাঁকে গাড়িটির কেন্দ্রবিমুখী ত্বরণ নির্ণয় কর। ৩  
 ঘ. সর্বোচ্চ বেগে বাঁক অতিক্রম করার জন্য চালককে তার গাড়ির বেগ কতটুকু পরিবর্তন করতে হবে?— গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৩ ▶ 100 m গভীরতা ও 12 m ব্যাসের সিলিন্ডার আকৃতির একটি ট্যাংক সম্পূর্ণ পানি দ্বারা পূর্ণ আছে। একটি পাম্প 1 ঘণ্টায় ট্যাংকটি পানি শূন্য করতে পারে। এক-তৃতীয়াংশ পানি উত্তোলনের পর পাম্পটি নষ্ট হয়ে যাওয়ায় 3 গুণ বেশি ক্ষমতা সম্পন্ন অপর একটি পাম্প ব্যবহার করে অবশিষ্ট পানি উত্তোলন করে  $10 \text{ m s}^{-1}$  বেগে দূরের কোনো স্থানে ছুড়ে ফেলে।

- ক. প্রত্যয়নী বল কী? ১  
 খ. পিস্তাং ধ্রুবকের তাৎপর্য ব্যাখ্যা কর। ২  
 গ. ১ম পাম্পের ক্ষমতা নির্ণয় কর। ৩  
 ঘ. উদ্দীপক অনুসারে পাম্প দুটির কৃতকাজের তুলনা কর। ৪

৪ ▶ 12 m দৈর্ঘ্যবিশিষ্ট দুটি তারের ব্যাস যথাক্রমে 6 cm এবং 7 cm উভয় তারের উপর  $9 \times 10^5 \text{ N}$  বল প্রয়োগ করলে এদের দৈর্ঘ্য বৃদ্ধি যথাক্রমে 7% এবং 4%।

- ক. পয়সনের অনুপাত কী? ১  
 খ. আন্তঃআনবিক বলের আলোকে পদার্থের স্থিতিস্থাপক ধর্ম ব্যাখ্যা কর। ২  
 গ. প্রথম তারের একক আয়তনে সঞ্চিত স্থিতিস্থাপক শক্তি নির্ণয় কর। ৩  
 ঘ. কোন তারের স্থিতিস্থাপক সীমা বেশি?— গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৫ ▶ একটি কণার সরল ছন্দিত স্পন্দনের সরণের সমীকরণ,

$$y = 10 \sin\left(12t - \frac{\pi}{3}\right);$$

যেখানে, সব রাশি SI এককে প্রকাশিত।

কণাটি 6.28 s-এ একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করে।


- ক. কালিক পর্যাবৃত্তি কী? ১  
 খ. “সকল সরল ছন্দিত গতি পর্যাবৃত্ত গতি কিন্তু সকল পর্যাবৃত্ত গতি সরল ছন্দিত গতি নয়”- ব্যাখ্যা কর। ২  
 গ. কণাটির সর্বোচ্চ বেগ নির্ণয় কর। ৩  
 ঘ. গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উল্লেখিত সময়ে কণাটির ত্বরণ নির্ণয় কর। ৪

৬ ▶ একজন আবহাওয়াবিদ দৈনিক প্রতিবেদন তৈরির জন্য একদিন খুলনা এবং দিনাজপুরে স্থাপিত দুটি সিক্ত ও শুষ্ক বায়ু আর্দ্রতা মাপক যন্ত্রের মাধ্যমে নিম্নের উপায়গুলো সংগ্রহ করলেন।

স্থান	সিক্ত বায়ু থার্মোমিটারের পাঠ	শুষ্ক বায়ু থার্মোমিটারের পাঠ	বায়ুর তাপমাত্রায় গ্লেইসারের উৎপাদক
খুলনা	20.6° C	28.6° C	1.66
দিনাজপুর	22° C	32.6° C	1.62

[14° C, 16° C, 28° C, 30° C, 32° C এবং 34° C তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পচাপ যথাক্রমে 11.99, 13.63, 28.35, 31.83, 35.66 এবং 39.90 mm Hg]

- ক. শিশিরাক্ষ কাকে বলে? ১  
 খ. গ্যাস অণুর বর্গমূলীয় গড় বর্গবেগ, পরম আর্দ্রতা বৃদ্ধির সাথে বৃদ্ধি পায়।— ব্যাখ্যা কর। ২  
 গ. উক্ত দিনে খুলনার শিশিরাক্ষ নির্ণয় কর। ৩  
 ঘ. প্রদত্ত তথ্য অনুযায়ী কোথায় একজন ব্যক্তি অধিক স্বস্তি বোধ করবে?— গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪



- ক. মহাকর্ষীয় প্রাবল্য কী? ১  
 খ. মহাকর্ষীয় বিভব অসীমে সর্বোচ্চ কেন? ব্যাখ্যা কর। ২  
 গ. উদ্দীপক অনুযায়ী বিভব ও মহাকর্ষীয় প্রাবল্য নির্ণয় কর। ৩  
 ঘ. অসীমে থাকা অবস্থায় বস্তুটির দ্রুত প্রাবল্য শূন্য হবে কী?— গাণিতিক সমীকরণের মাধ্যমে যাচাই কর। ৪

৮ ▶ দুটি সেকেন্ড দোলকের মধ্যে একটিকে পৃথিবীর পৃষ্ঠ থেকে  $5 \times 10^3 \text{ km}$  উচ্চতায় ভূ-স্থির উপগ্রহে নেওয়া হয়। অন্যটি  $5 \times 10^3 \text{ km}$  গভীর খনিতে নেওয়া হয়।

- ক. কৌণিক কম্পাঙ্ক কী? ১  
 খ. শক্তির সমবিভাজন সূত্র ব্যাখ্যা কর। ২  
 গ. কৃত্রিম উপগ্রহে অভিকর্ষজ ত্বরণ নির্ণয় কর। ৩  
 ঘ. কোন ক্ষেত্রে দোলক অধিক দীর্ঘে চলবে?— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

## বরিশাল ক্যাডেট কলেজ

বিষয় কোড : 174

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট


## পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১ ▶ কোনো বিন্দুর উপর ত্রিয়ারত দুটি ভেক্টর  $\vec{P} = \hat{i} + 2\hat{j} - 2\hat{k}$  এবং  $\vec{Q} = 3\hat{i} + 2\hat{j} + 2\sqrt{3}\hat{k}$ .
- ক. সদৃশ ভেক্টর কি? ১
- খ. কখন ভেক্টরক্ষেত্র সলিনয়ডাল হয়? -ব্যাখ্যা কর। ২
- গ.  $\vec{P}$  ও  $\vec{Q}$ -এর তলের উপর লম্ব একক ভেক্টর নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের ভেক্টরদ্বয়ের লব্ধি  $\vec{P}$ -এর সাথে কত কোণ উৎপন্ন করবে? গাণিতিকভাবে দেখাও। ৪


২ ▶

এখানে,  $\vec{A} = \hat{i} - \hat{j} + \hat{k}$  এবং  $\vec{B} = 2\hat{i} - 3\hat{j} + 6\hat{k}$ .

- ক. অপারেটর কি? ১
- খ. ডানহাতি স্ক্রু নিয়মে  $\hat{n}$ -এর দিক পাওয়া যায় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপক থেকে  $\theta_1$ -এর মান নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপক অনুযায়ী  $\theta_1 = \theta_2$  সম্ভব কি-না -মতামত দাও। ৪
- ৩ ▶ একটি সুমম পাতলা রডের ভর 2.5 kg এবং দৈর্ঘ্য 50 cm। দণ্ডটি কেন্দ্রগামী অক্ষের সাপেক্ষে ঘুরছে।
- ক. নিশ্চল কোণ কাকে বলে? ১
- খ. ঘর্ষণ কোণের ট্যানজেন্ট ঘর্ষণ গুণাক্ষের সমান কেন? ব্যাখ্যা কর। ২
- গ. দণ্ডটির মধ্যবিন্দুগামী অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক নির্ণয় কর। ৩
- ঘ. যদি ঘূর্ণন অক্ষ কোনো এক প্রান্ত থেকে  $\frac{2}{3}$  অংশ দূরে থাকে তবে এর চক্রগতির ব্যাসার্ধ নির্ণয় করা সম্ভব হবে কি? তোমার মতামত দাও। ৪

- ৪ ▶ শিশুপার্কের একটি স্লাইড আছে যা দুটি অংশে বিভক্ত। প্রথম অংশ h উচ্চতা থেকে ঢাল একটি তল এবং ২য় অংশে রয়েছে r ব্যাসার্ধের বৃত্তাকার পথ। m ভরের একটি বল সর্বোচ্চ বিন্দু থেকে পিছলিয়ে পড়া শুরু করলো।
- ক. স্থিতিস্থাপক বিভবশক্তি কি? ১
- খ. ক্ষমতা, টর্ক এবং কৌণিক বেগের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২
- গ. যদি  $h = 10$  m হয় তবে বৃত্তাকার পথ স্পর্শ করার পূর্বে বলটির কৃতকাজ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের বলটি পূর্ণচক্র ঘুরতে স্লাইডটির উচ্চতা বৃত্তাকার পথের ব্যাসার্ধের সর্বনিম্ন 2.5 গুণ হতে হবে, এটা সম্ভব কি? তোমার মতামত দাও। ৪

৫ ▶



- পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে  $6 \times 10^{24}$  kg এবং  $6.4 \times 10^6$  m।
- ক. ক্ষেত্রফলের সূত্রটি লিখ। ১
- খ. G স্কেলার রাশি হলেও g ভেক্টর রাশি কেন? -ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের কৃত্রিম উপগ্রহটির পর্যায়কাল নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের কৃত্রিম উপগ্রহটিকে ভূ-স্থির উপগ্রহে রূপান্তর করতে কী ব্যবস্থা অবলম্বন করতে হবে- উত্তরের সপক্ষে গাণিতিক যুক্তি দাও। ৪
- ৬ ▶ দৃঢ় অবলম্বন হতে 2 m দৈর্ঘ্যের একই উপাদানের দুটি তারের প্রত্যেকটির মুক্তপ্রান্তে 0.5 kg ভর ঝুলানো হলো। তারগুলোর ব্যাস যথাক্রমে 4 mm ও 8 mm ( $Y = 2 \times 10^{11}$  Nm<sup>-2</sup>)।
- ক. স্থিতি-এর শক্তি কি? ১
- খ. বলপ্রবলকে কখন তুল্য বলপ্রবল বলা হয়? -ব্যাখ্যা কর। ২
- গ. প্রথম তারটির একক আয়তনে স্থিতিশক্তি নির্ণয় কর। ৩
- ঘ. ভরসহ প্রত্যেকটি ঝুলানো তার সরল দোলকের ন্যায় আচরণ করলে কোনটি ধীরে চলবে? গাণিতিক বিশ্লেষণসহ ব্যাখ্যা কর। ৪
- ৭ ▶ জনাব X গবেষণাগারে 4 m দৈর্ঘ্যের এবং 0.2 mm ব্যাসের একটি ইস্পাতের এবং আরেকটি সীসার তারের শেষ প্রান্তে পর্যায়ক্রমে 50 kg ভর ঝুলিয়ে দেওয়ার পর উভয় তারের দৈর্ঘ্য প্রসারণ পেল যথাক্রমে 250 mm এবং 350 mm। [ $Y = 2 \times 10^{11}$  Nm<sup>-2</sup>]
- ক. কালিক পর্যায়বৃত্তি কি? ১
- খ. সরল ছন্দিত স্পন্দনে  $a \propto -x$  হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. প্রসারিত অবস্থায় ইস্পাত তারটির মধ্যে স্থিতিস্থাপক বিভবশক্তি নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের কোন তারটির ভর নেওয়ার সামর্থ্য বেশি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৮ ▶ একটি সিলিডার 30° C তাপমাত্রায় 15 atm চাপে 30 L O<sub>2</sub> গ্যাস ধারণ করে। কিছু পরিমাণ গ্যাস অপসারণ করায় তাপমাত্রা ও চাপ 17° C ও 11 atm এ নেমে আসে। O<sub>2</sub>-এর গড় মুক্তপথ  $9.5 \times 10^{-6}$  cm।
- ক. হাইড্রোমিটার কি? ১
- খ. গ্যাসের গতিতত্ত্ব থেকে চাপীয় সূত্র প্রমাণ কর। ২
- গ. শুরুতে O<sub>2</sub> গ্যাসের পরপর দুটি সংঘর্ষের মধ্যবর্তী সময় নির্ণয় কর। ৩
- ঘ. কিছু পরিমাণ O<sub>2</sub> গ্যাস অপসারণের পর অবশিষ্ট ও অপসারিত মোলসংখ্যা নির্ণয় করা সম্ভব কি? গাণিতিকভাবে মতামত দাও। ৪

## নটর ডেম কলেজ, ঢাকা

বিষয় কোড : 174


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

## পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ A ও B উভয় তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল ও প্রাথমিক দৈর্ঘ্য সমান। নিচের প্রান্তে 5 kg ভর বুলানো হলে পর্যবেক্ষণে দেখা গেল A তারের প্রতি একক আয়তনে সঞ্চিত শক্তির পরিমাণ বেশি হয়।  $Y_A = 2 \times 10^{11} \text{ Nm}^{-2}$  এবং  $Y_B = 1.85 \times 10^{11} \text{ Nm}^{-2}$



- ক. দুটোর গুণাক্ষের মাত্রা লিখ। ১  
খ. একটি নিরেট গোলকের মহাকর্ষীয় প্রাবল্য বনাম দূরত্বের লেখচিত্র ব্যাখ্যা কর। ২  
গ. তার দুটির সম্মিলিত ইয়ং এর গুণাক্ষ বের কর। ৩  
ঘ. উদ্দীপকের পর্যবেক্ষণের সত্যতা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ২ ▶ একটি প্রাইভেট কার স্থির বাতাসের মধ্য দিয়ে অনুভূমিক রাস্তা বরাবর চলতে থাকে। অবস্থায় সামনে অনুভূমিকের সাথে  $30^\circ$  কোণে ঢালু রাস্তা দিয়ে উপরের দিকে উঠতে থাকে। প্রাইভেট কারের পিছনের গ্লাস অনুভূমিকের সাথে  $30^\circ$  কোণে ঢালু এবং অনুভূমিক রাস্তায় চলা অবস্থায় বৃষ্টির ফোঁটা উক্ত গ্লাসে  $15^\circ$  কোণে আঘাত করে। বৃষ্টির ফোঁটার বেগ  $5 \text{ m s}^{-1}$
- ক. মহাকর্ষীয় বিভবের একক কী? ১  
খ. দুটি অসম মানের সদৃশ ভেক্টরের বিয়োগফল শূন্য নয়- ব্যাখ্যা কর। ২  
গ. বৃষ্টির ফোঁটা অনুভূমিক রাস্তায় পিছনের গ্লাসে কত বেগে আঘাত করবে? ৩  
ঘ. ঢালু রাস্তা দিয়ে উপরে উঠার সময় বৃষ্টির ফোঁটা প্রাইভেট কারের পিছনের গ্লাসে ভিজাবে কি না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৩ চিত্রে  $m_1$ ,  $m_2$  ও  $m_3$  বস্তু তিনটি স্থির অবস্থায় মহাশূন্যে রাখা আছে। D বিন্দু হতে কোনো বস্তুকে  $260 \text{ ms}^{-1}$  বেগে নিক্ষেপ করে বস্তুটিকে অসীমে পাঠানোর চেষ্টা করা হলো।



- ( $G = 6.673 \times 10^{-11} \text{ N m}^2 \text{ kg}^{-2}$ )  
ক. ভেক্টর যোগের ত্রিভুজ সূত্র বিবৃত কর। ১  
খ. স্থিতিস্থাপক বস্তুর ক্ষেত্রে বাহ্যিক বল ও তারের ব্যাসার্ধ এর লেখচিত্র অঙ্কন কর। ২  
গ. O বিন্দুতে মহাকর্ষীয় প্রাবল্যের মান নির্ণয় কর। ৩  
ঘ. D বিন্দুতে স্থাপিত বস্তুকে অসীমে পাঠানো সম্ভব হবে কিনা- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৪ ▶ ১


একটি 100 kg ভরের ব্লককে চিত্রের ন্যায় প্রথমে টানা এবং পরে ঠেলা হচ্ছে। ঘর্ষণ গুণাক্ষের মান 0.2। বস্তুটিকে এর পূর্বে অনুভূমিকভাবে একই বলে টানা হচ্ছিল এবং 2 sec পর গতিশক্তি নির্ণয় করা হয়েছিল। ( $g = 10 \text{ m s}^{-2}$ )

- ক. চক্রগতির ব্যাসার্ধ কাকে বলে? ১  
খ. সমতল রাস্তায় গাড়ির বাঁক নেওয়া ব্যাখ্যা কর। ২  
গ. অনুভূমিকভাবে সরানোর ক্ষেত্রে উক্ত সময় পর গতিশক্তি কত? ৩  
ঘ. চিত্রের ন্যায় পর্যায়ক্রমে নির্দিষ্ট কোণে টানা ও ঠেলার ক্ষেত্রে ত্বরণের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

- ৫ ▶ একটি সরল দোলকের কার্যকরী দৈর্ঘ্য 99 cm এবং সর্বোচ্চ সরণ 5 cm। এটিকে পাহাড়ের চূড়ায় নিয়ে গেলে সঠিক সময় (2 sec) দেয়। পরবর্তীতে শুধুমাত্র এর কম্পাঙ্ক দ্বিগুণ করা হয় এবং আরেকবার শুধুমাত্র বিস্তার দ্বিগুণ করা হয়।


- ক. অসহ পীড়ন কাকে বলে? ১  
খ. বল বনাম আন্তঃআণবিক দূরত্বের লেখচিত্রে সাম্যাবস্থায় স্থিতি শক্তির ব্যাখ্যা কর। ২  
গ. সরল দোলকটিকে ভূ-পৃষ্ঠে নেয়া হলে এক দিনে কতটি দোল হারাবে বা লাভ করবে? ৩  
ঘ. দোলকটির কম্পাঙ্ক দ্বিগুণ এবং বিস্তার দ্বিগুণ করার ক্ষেত্রে কোনটির ক্ষেত্রে শক্তি বেশি হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৬ ▶ কোনো স্থানে ঘরের বাইরের তাপমাত্রা  $40^\circ \text{ C}$ , বায়ুমন্ডলের চাপ 1 atm P এবং আপেক্ষিক আর্দ্রতা 50%। ঘরের ভিতরে রাখা আর্দ্রতামাপক যন্ত্রে শুষ্ক ও সিক্ত বাত্মের পাঠ যথাক্রমে  $34^\circ \text{ C}$  এবং  $26^\circ \text{ C}$ ।  $40^\circ \text{ C}$ ,  $34^\circ \text{ C}$ ,  $22^\circ \text{ C}$  ও  $20^\circ \text{ C}$  তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পচাপ যথাক্রমে 55.32 mm HgP, 39.90 mm HgP, 19.83 mm HgP এবং 17.54 mm HgP।  $32^\circ \text{ C}$  ও  $33^\circ \text{ C}$  তাপমাত্রায় গ্লেইসিয়ার এর উৎপাদক যথাক্রমে 1.63 ও 1.62।
- ক. পরম শূন্য তাপমাত্রা কাকে বলে? ১  
খ. তাপমাত্রা বনাম আপেক্ষিক আর্দ্রতার লেখচিত্র অঙ্কন কর। ২  
গ. ঘরের বাইরে শুষ্ক বায়ুর চাপ কত? ৩  
ঘ. ঘরের জানালা খুলে দিলে জলীয় বাষ্প কোন দিকে প্রবাহিত হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৭ ▶ দুটি নিরেট গোলকের প্রতিটির ব্যাসার্ধ 10 cm এবং ভর 1.8 kg। ১ম টি A বিন্দু হতে গড়িয়ে AB ঢালু পথে B অবস্থানে স্থির থাকা দ্বিতীয় গোলকের সাথে স্থিতিস্থাপক সংঘর্ষ ঘটায় এবং দ্বিতীয় গোলকটি গড়িয়ে চলে C বিন্দুতে পৌঁছে থেমে যায়।  $S = 10 \text{ m}$  এবং  $g = 10 \text{ ms}^{-2}$ ।



- ক. আর্গ কাকে বলে? ১  
খ. একটি স্প্রিং এর সংকোচন ও প্রসারণের ক্ষেত্রে বল বনাম সরণ এর লেখচিত্র অঙ্কন কর। ২  
গ. AB পথে ঘর্ষণ বল দ্বারা কাজ নির্ণয় কর। ৩  
ঘ. প্রথম ও দ্বিতীয় গোলকের উপর ক্রিয়াশীল টর্কের মানের তুলনা কর। ৪

- ৮ ▶ চিত্রের A ও B কুয়া দুইটি পানি পূর্ণ এবং এদের সংযোগ চাবি (K) বন্ধ অবস্থায় আছে। দুটি পাম্প পৃথকভাবে কুয়া দুটিকে একই সময়ে (20 min) খালি করতে পারে। পাম্প দুটি একত্রে চলার 10 min পর A কুয়ার পাম্পটি নষ্ট হয়ে যাওয়ায় কুয়া দুটির সংযোগ চাবি খুলে দিয়ে B কুয়ার পাম্প দ্বারা কুয়া দুটির অবশিষ্ট অংশ খালি করা হয়। কুয়া দুটির গভীরতা 10 m এবং এদের ব্যাস যথাক্রমে 3m ও 5m। A কুয়ার পাম্পের কর্মদক্ষতা 80%।



- ক. সংরক্ষণশীল বল কাকে বলে? ১  
খ. স্প্রিং এর ভর বনাম প্রসারণ লেখচিত্র থেকে কিভাবে বিভবশক্তি পাওয়া যায়? ব্যাখ্যা কর। ২  
গ. A কুয়ার পাম্পটির অক্ষক্ষমতা নির্ণয় কর। ৩  
ঘ. B কুয়ার পাম্প দ্বারা উভয় কুয়ার অবশিষ্ট অংশ খালি করতে পূর্বের প্রদত্ত সময় অপেক্ষা বেশি সময় লাগবে। গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

## রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 174

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

## পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

C (3, 3, -2)

A (2, -3, 4) B (1, 2, -8)

- ক. আয়ত একক ভেক্টর কী? ১  
খ. দুটি ভেক্টরের ভেক্টর গুণন বিনিময় সূত্র মেনে চলে না-  
ব্যাখ্যা কর। ২  
গ.  $\angle BAC$  কোণ নির্ণয় কর। ৩  
ঘ.  $\vec{AB}$ ,  $\vec{BC}$ ,  $\vec{CA}$  ভেক্টর একই সমতলে থাকবে কি না?  
বিশ্লেষণ কর। ৪

২ ▶ একটি ভারী চাকার ভর 40 kg, জড়তার ভ্রামক 4000 kg-m<sup>2</sup>।  
চাকাটি প্রতি সেকেন্ডে 2 বার ঘুরছে। এক ব্যক্তি চাকাটিকে 70  
সেকেন্ডে থামানোর জন্য 400 Nm বাধাদানকারী টর্ক প্রয়োগ  
করলেন।

- ক. কেন্দ্রমুখী বল কী? ১  
খ. ঘূর্ণনরত বস্তুর কৌণিক বেগ একই হওয়া সত্ত্বেও রৈখিক  
বেগ ভিন্ন ভিন্ন কেন? ব্যাখ্যা কর। ২  
গ. চাকাটির কৌণিক ভরবেগ কত? ৩  
ঘ. ঐ ব্যক্তি উদ্দীপকের উল্লিখিত নির্দিষ্ট সময়ে চাকাটি  
থামাতে সক্ষম হবে কি? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ করিমের বাড়িতে 12 m গভীর 1.8 m ব্যাসের একটি পানিপূর্ণ  
কূপ খালি করার জন্য একটি পাম্প চালু করা হলো। কিন্তু দেখা  
গেল পানিশূন্য করতে পাম্পটির 21 মিনিট সময় লেগে গেল।  
করিম হিসাব করে দেখল যথাসময়ে কূপটিকে পানি শূন্য করতে  
2 HP ক্ষমতার ইঞ্জিন প্রয়োজন।

- ক. ভূস্থির উপগ্রহ কী? ১  
খ. অভিকর্ষ বল সংরক্ষণশীল বল ব্যাখ্যা কর। ২  
গ. 50 gm ভরের একটি বস্তুকে কূপের মুখে ছেড়ে দিলে  
পানিশূন্য অবস্থায় কূপের তলায় পৌঁছাতে বস্তুটির কত  
সময় লাগবে? নির্ণয় কর। ৩  
ঘ. করিমের হিসাবের যথার্থতা যাচাই কর। ৪

৪ ▶  $6.4 \times 10^6$  m ব্যাসার্ধের একটি গ্রহ নিজ অক্ষের 24 ঘণ্টায়  
একবার প্রদক্ষিণ করে। একজন বিজ্ঞানী গ্রহটির সাথে g এর  
সম্পর্ক স্থাপনের জন্য 58° উত্তর অক্ষাংশের সাথে একটি স্থানে  
80 kg ভরের একটি বস্তু রাখলেন।  $g = 9.8 \text{ ms}^{-2}$

- ক. মুক্তিবৈগ কী? ১  
খ. কোনো যন্ত্রের ক্ষমতা 50 MW ব্যাখ্যা কর। ২  
গ. উক্ত স্থানে গ্রহটি ঘূর্ণনের জন্য বস্তুটির রৈখিক বেগ কত? ৩  
ঘ. উক্ত স্থানে বস্তুটির ওজন গ্রহটির পৃষ্ঠে বস্তুটির ওজনের  
চেয়ে কম না বেশি হবে? বিশ্লেষণ কর। ৪

৫ ▶ 0.3 m লম্বা এবং  $10^{-6} \text{ m}^2$  প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট  
তারের এক প্রান্তে 10 kg ভরের একটি বস্তুকে বেধে  
বৃত্তাকার পথে ঘুরাচ্ছে। তারটির উপাদানের অসহপীড়ন  
 $4.8 \times 10^7 \text{ Nm}^{-2}$ ।

- ক. স্থিতিস্থাপক সীমা কাকে বলে? ১  
খ. পয়সনের অনুপাত ব্যাখ্যা কর। ২  
গ. তারটির অসহ বল নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের তারটি সর্বনিম্ন কত বেগে ঘুরালে ছিড়ে যাবে-  
বিশ্লেষণ কর। ৪

৬ ▶ একটি দোলক ঘড়ি পাহাড়ের পাদদেশে সঠিক সময় দেয় কিন্তু  
পাহাড়ের চূড়ায় উঠালে দুই ঘণ্টায় ৪ সেকেন্ড সময় হারায়।  
পৃথিবীর ব্যাস 12800 km.

- ক. সীমাবদ্ধ ভেক্টর কী? ১  
খ. ফাঁপা দোলকপিণ্ডকে তরল দ্বারা অর্ধপূর্ণ করলে দোলকটি  
ধীরে না দ্রুত চলবে ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের পাহাড়ের উচ্চতা কত? ৩  
ঘ. পাহাড়ের চূড়ায় সঠিক সময় পেতে হলে দোলকটির কী  
ব্যবস্থা গ্রহণ করতে হবে? বিশ্লেষণ কর। ৪

৭ ▶ কোনো স্থানের পরীক্ষণে আবদ্ধ স্থানের বায়ুর তাপমাত্রা 19° C  
এবং শিশিরাক্ষ 7.4° C পাওয়া গেল। শৈত্য প্রবাহের ঐ স্থানের  
তাপমাত্রা কমে 15° C হলো। 7° C, 8° C, 19° C তাপমাত্রায়  
জলীয় বাষ্প চাপ যথাক্রমে 7.5 mm, 8.2 mm এবং 16.5 mm  
পারদ।

- ক. সেকেন্ড দোলক কী? ১  
খ. স্থির চাপে নির্দিষ্ট ভরের গ্যাসের তাপমাত্রা ও ঘনত্বের  
মধ্যে সম্পর্ক কীরূপ ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের স্থানের আপেক্ষিক আর্দ্রতা কত? ৩  
ঘ. তাপমাত্রা পরিবর্তনে ঐ স্থানের আবদ্ধ বায়ুর শিশিরাক্ষ  
পরিবর্তিত হবে কিনা? বিশ্লেষণ কর। ৪

৮ ▶ 0.5 km প্রস্থের নদীতে 6 km h<sup>-1</sup> বেগে স্রোত প্রবাহিত হচ্ছে।  
এই নদীটিতে রহিম ও করিম প্রতিযোগিতার উদ্দেশ্যে সাঁতার  
কেটে পার হওয়ার জন্য সিদ্ধান্ত নিল। রহিম 10 km h<sup>-1</sup> বেগের  
স্রোতের সাথে  $\alpha$  কোণে এবং করিম 9 km h<sup>-1</sup> বেগে ন্যূনতম  
দূরত্বে রওনা দিলো।

- ক. স্বাধীন ভেক্টর কী? ১  
খ. শিশিরাক্ষ 22° C ও বায়ুর তাপমাত্রা 30° C বলতে কী  
বুঝ? ২  
গ.  $\alpha$  এর মান কত হলে রহিম ন্যূনতম দূরত্বে নদী পার  
হবে? ৩  
ঘ. উদ্দীপক অনুসারে কে নদী আগে পার হবে? বিশ্লেষণ  
কর। ৪

## আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা


বিষয় কোড : 1 7 4

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

## পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।




6400 km এবং 7400 km ব্যাসার্ধের দুটি গ্রহ A ও B-এর পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণ  $9.8 \text{ m s}^{-2}$  ও  $9.4 \text{ m s}^{-2}$  এবং নিজ অক্ষের চারদিকে ঘূর্ণায়মান আক্ষিক গতির পর্যায়কাল 24 h ও 25 h।


- ক. স্প্রিং ফ্রবক কাকে বলে? ১
- খ. স্রোতের প্রতিকূলে সাঁতার কাটলে, কোন প্রকার কাজ সম্পন্ন হয় বুঝিয়ে লিখ। ২
- গ. উদ্দীপকের উল্লেখিত উপগ্রহটিকে কত শক্তি প্রয়োগ করলে পৃথিবীর অভিকর্ষের বাইরে চলে যাবে? ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত A গ্রহের  $65^\circ$  অক্ষাংশে ও B গ্রহের  $35^\circ$  অক্ষাংশে অবস্থিত 1 kg ভরের চিনির ওজন কোথায় বেশি হবে- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২. আরিফ একটি বন্দুককে গুলি ছোড়ার জন্য এর ভিতরের স্প্রিংকে 4 cm সংকুচিত করে ছেড়ে দিলে এটি সাম্যাবস্থায় ফিরে যায় এবং গুলিটি সামনে রাখা একটি কাঠের বাক্সে 3 cm প্রবেশ করে থেমে যায়।

শফিক 1500 kg ভরের একটি গাড়ি পাহাড়ী রাস্তায়  $25 \text{ m s}^{-1}$  বেগে চালাচ্ছিল। 50 m সামনে একটি গাছ দেখে ব্রেক কষে গাড়িটি গাছের ঠিক সামনে থামিয়ে দেয়।




- ক. স্থানিক পর্যায়বৃত্ত কাকে বলে? ১
- খ. সরল দোলকের কম্পাঙ্ক এর উচ্চতার উপর নির্ভর করে।- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লেখিত বন্দুকের স্প্রিংটিকে দ্বিগুণ পরিমাণ সংকুচিত করলে গুলিটি কাঠের ব্লকে বর্তমান দূরত্বের কতগুণ ভেদ করতে পারবে নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত গাড়িটি পাহাড়ী রাস্তার B ও C বিন্দুতে (চিত্র) শক্তির সংরক্ষণশীলতা নীতি মেনে চলে কিনা- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪



চিত্র-১ এ একটি 0.05 kg ভরের পাথরকে 1 m দীর্ঘ সূতার এক প্রান্তে বেঁধে ঘড়ির কাঁটার বিপরীত দিকে এক মিনিটে 120 বার ঘুরানো হচ্ছে। চিত্র-২ ও চিত্র-৩ এ উভয় দণ্ডের ভর 200 gm।


- ক. সংনম্যতা কাকে বলে? ১
- খ. একটি স্টিল তারের উপর প্রযুক্ত বল এবং ব্যাসার্ধ যদি দ্বিগুণ করা হয়, তবে ইয়ং-এর গুণাঙ্কের কি পরিবর্তন হবে? - ব্যাখ্যা কর। ২
- গ. চিত্র-১ এর P, Q ও R বিন্দুতে সূতার টান নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের চিত্র-২ ও চিত্র-৩ এর উভয় দণ্ডের মধ্যে কোনটির জড়তার ভ্রামক বেশি হবে- গাণিতিকভাবে যাচাই কর। ৪



পরবর্তীতে 250 N ওজনের একটি ভারী সুষম ধাতব দণ্ড XY, সমান দৈর্ঘ্যের দুটি তার A ও B দ্বারা অনুভূমিক তলে ঝুলানো আছে। প্রতিটি তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল  $2.5 \times 10^{-7} \text{ m}^2$ । A তারের 0.8 m পিতলের


এবং বাকি 1.2 m স্টিলের যা চিত্র-১ এ দেখানো হয়েছে। স্টিলের ইয়ং এর গুণাঙ্ক  $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$  এবং পিতলের ইয়ং-এর গুণাঙ্ক  $1 \times 10^{11} \text{ Nm}^{-2}$ ।

- ক. গভীর ঘর্ষণ গুণাঙ্ক কী? ১
- খ. বল ও টর্ক এক নয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের ১ম ক্ষেত্রে বস্তুটিকে সর্বোচ্চ কত কৌণিক বেগে ঘুরানো যাবে? ৩
- ঘ. উদ্দীপকের XY বারের কোন প্রান্ত বেশি নিচু হবে- গাণিতিকভাবে যাচাই কর। ৪
৫. একটি কণা সরল দোল গতিতে দুলছে। যখন এটি মধ্যবিন্দু হতে 2 cm এবং 3 cm দূরে তখন এর গতিবেগ যথাক্রমে  $4 \text{ cm s}^{-1}$  ও  $3 \text{ cm s}^{-1}$ । একটি সেকেন্ড দোলক ঘড়ি পাহাড়ের পাদদেশে সঠিক সময় দিলেও পাহাড়ের চূড়ায় উঠলে 3 ঘণ্টায় 10 sec সময়ের পার্থক্য দেখায়। পৃথিবীর ব্যাস 12800 km এবং অভিকর্ষজ ত্বরণ  $9.8 \text{ m s}^{-2}$ ।
- ক. পার্কিং কক্ষপথ কী? ১
- খ. স্থির ভরের কোনো গ্রহ সম্প্রসারিত হলে গ্রহের মুক্তিবৈগ পরিবর্তন হবে কিনা- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লেখিত সরল দোলগতিতে দোলনরত কণাটির পর্যায়কাল নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত পাহাড়ের চূড়ায় সেকেন্ড দোলক হিসেবে কাজ করতে হলে কার্যকরী দৈর্ঘ্য কত শতাংশ হ্রাস বা বৃদ্ধি করতে হবে- গাণিতিকভাবে যাচাই কর। ৪



- ক. আদর্শ চাপ কাকে বলে? ১
- খ. আপেক্ষিক আর্দ্রতা 100% হলে শিশিরাক্ষ কেমন হবে? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের ভেক্টর তিনটিকে সন্নিহিত বাহু হিসেবে অঙ্কিত সামান্তরিকের আয়তন নির্ণয় কর। ৩
- ঘ. ভেক্টর তিনটির লব্ধি ভেক্টরের তল ও দিক নির্ণয় সম্ভব কিনা গাণিতিক বিশ্লেষণের সাহায্যে দেখাও। ৪
৭. কোনো একদিন একটি স্থানের বায়ুর তাপমাত্রা  $21^\circ \text{ C}$  এবং শিশিরাক্ষ ছিল  $7.32^\circ \text{ C}$ । হঠাৎ শৈত্য প্রবাহে উক্ত স্থানের তাপমাত্রা  $15^\circ \text{ C}$  এ নেমে আসে।  $7^\circ \text{ C}$ ,  $8^\circ \text{ C}$  এবং  $21^\circ \text{ C}$  তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পচাপ যথাক্রমে 7.53, 8.05 এবং 21.54 mm HgP.
- ক. বিসদৃশ ভেক্টরের সংজ্ঞা দাও। ১
- খ. কোন ক্ষেত্রে স্কেলার ও ভেক্টর গুণফলের মান সমান হয়? ২
- গ. শৈত্য প্রবাহের ফলে উদ্দীপকের বায়ুতে বাষ্পচাপের পরিবর্তন নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের বায়ুতে তাপমাত্রা কমে যাওয়ায় শিশিরাক্ষ পরিবর্তন হবে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮. রাফসান 30 m গভীর একটি হ্রদের তলদেশ থেকে 1 লিটার আয়তনের একটি ফোলানো বেলুন নিয়ে OA বরাবর হ্রদের পৃষ্ঠে উঠে আসে। হ্রদের পৃষ্ঠে বেলুনটি ফেটে যাবার উপক্রম হয়। সে বেলুনটিকে সাবধানে A থেকে



- ঘ. অবস্থানে নিয়ে আবার হ্রদের তলদেশে চলে যায় এবং C বিন্দুতে পৌঁছায়। হ্রদের পৃষ্ঠে বায়ুমণ্ডলের চাপ  $10^5 \text{ Nm}^{-2}$ ।
- ক. ঘাত বলের সংজ্ঞা দাও। ১
- খ. একটি যাত্রীপূর্ণ নৌকার যাত্রীদের দাঁড়াতে নিষেধ করা হয় কেন? ২
- গ. উদ্দীপকের হ্রদের তলদেশে রাফসানের মোট সরণ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের বেলুনটির সর্বোচ্চ প্রসারণ ক্ষমতা সম্পর্কে গাণিতিক যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

## আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

বিষয় কোড : 174

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

## পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶  $25 \text{ ms}^{-1}$  বেগে পূর্বদিকে চলমান একজন গাড়ির চালক উল্লম্বের সাথে  $64.359^\circ$  কোণে  $27.73 \text{ ms}^{-1}$  বেগে বৃষ্টি পড়তে দেখেন। পরবর্তীতে গাড়ির চালক গাড়ির গতি  $10 \text{ ms}^{-1}$  বৃদ্ধি করেন।

- ক. ভেক্টরের বিভাজন কী? ১  
খ. নৌকার গুণ টানার ক্ষেত্রে বৈঠার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২  
গ. বৃষ্টির প্রকৃত বেগের দিক নির্ণয় কর। ৩  
ঘ. গাড়ির বেগ বৃদ্ধির পর বৃষ্টির আপেক্ষিক বেগ, বৃষ্টির প্রকৃত বেগের দ্বিগুণ অপেক্ষা বেশি হবে কি? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

২ ▶  $\vec{A} = 2\hat{i} + 3\hat{j} + \hat{k}$ ,  $\vec{B} = 3\hat{i} - \hat{j} + 4\hat{k}$  এবং  $\vec{C} = \hat{i} - 3\hat{j} + 5\hat{k}$


- ক. অবস্থান ভেক্টর কাকে বলে? ১  
খ. ভেক্টর গুণন বিনিময় সূত্র মেনে চলে কি? ব্যাখ্যা কর। ২  
গ.  $\vec{B}$  ও  $\vec{C}$  ভেক্টর দ্বারা একটি সামান্তরিকের দুইটি কর্ণ নির্দেশ করা হলে, সামান্তরিকটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৩  
ঘ. গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও যে,  $X$ -অক্ষ এবং  $\vec{A} + \vec{B}$  এর অন্তর্ভুক্তি কোণ অপেক্ষা  $Y$  অক্ষ এবং  $\vec{C}$  এর অন্তর্ভুক্তি কোণ বৃহত্তর। ৪

৩ ▶  $0.2 \text{ kg}$  ভরের একটি বস্তকে  $90 \text{ cm}$  দৈর্ঘ্যের একটি সূতার সাহায্যে বেঁধে প্রতি মিনিটে 100 বার উলম্বভাবে ঘোরানো হচ্ছে।




- ক. চক্রগতির ব্যাসার্ধ কাকে বলে? ১  
খ. নিজ অক্ষের সাপেক্ষে ঘূর্ণনশীল একজন ব্যক্তির জড়তার ভ্রামক অর্ধেক হলে, তার কৌণিক বেগ দ্বিগুণ হবে এর কারণ কি ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের বস্তুটির কৌণিক ভরবেগ নির্ণয় কর। ৩  
ঘ. ঘূর্ণনশীল অবস্থায় যদি বস্তুটি ভেঙ্গে অর্ধেক হয়ে যায় তাহলে এটি প্রতি মিনিটে 150 বারের চেয়ে কত বেশি ঘুরবে বলে তুমি মনে কর? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৪ ▶  $2 \text{ mm}$  ব্যাসার্ধের একটি বৃষ্টির ফোঁটা  $250 \text{ m}$  উচ্চতা থেকে মাটির উপর পড়ছে। অন্যদিকে পৃথিবীর পৃষ্ঠ থেকে  $1.5 \text{ km}$  উপরে কিছু পরিমাণ মেঘ আছে। ঐ মেঘ বৃষ্টিরূপে নেমে এসে ভূ-পৃষ্ঠে  $1 \times 10^6 \text{ m}^2$  স্থানে  $1 \text{ cm}$  গভীরতার পানি সৃষ্টি করতে পারে।




- ক. অশ্বক্ষমতা কাকে বলে? ১  
খ. ক্রিকেট খেলার সময় বল ধরার ক্ষেত্রে একজন ফিল্ডার বল ধরার পর তার হাত পিছনে নিয়ে যায় কেন? ব্যাখ্যা কর। ২  
গ. বৃষ্টির ফোঁটার উপর অভিকর্ষীয় বল কতটা কাজ করবে নির্ণয় কর। ৩  
ঘ. পানি মেঘে পরিণত হতে  $5 \times 10^6 \text{ J}$  এর বেশি কাজ সম্পন্ন করেছিল— উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

৫ ▶ লেখচিত্রে নেপচুন গ্রহের কেন্দ্র থেকে বিভিন্ন দূরত্বে  $5000 \text{ kg}$  ভরের একটি বস্তুর ওপর নেপচুন গ্রহের প্রযুক্ত বলের পরিবর্তন দেখানো হলো।



- ক. ভারকেন্দ্র কাকে বলে? ১  
খ. পৃথিবীর ঘূর্ণন হঠাৎ থেমে গেলে অভিকর্ষজ ত্বরণের ওপর কী প্রভাব পড়বে— ব্যাখ্যা কর। ২  
গ. নেপচুন গ্রহের পৃষ্ঠে মুক্তিবৈগ নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের লেখচিত্র অনুসারে  $PR = QR$  হতে পারে কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶  $50 \text{ cm}$  দীর্ঘ এবং  $20 \text{ mm}^2$  প্রস্থচ্ছেদের দুটি ভিন্ন তার নেয়া হলো। প্রথম তারের পীড়ন বনাম বিকৃতি লেখচিত্রে দেখানো হল।  $A$  বিন্দুটি প্রথম তারের স্থিতিস্থাপক সীমা নির্দেশ করে।  $C$  বিন্দুতে তারটির উপাদানের অসহ পীড়ন  $5.5 \times 10^7 \text{ Nm}^{-2}$ । দ্বিতীয় তারের সম্বন্ধিত শক্তি বনাম (দৈর্ঘ্য বৃদ্ধি)<sup>২</sup> লেখচিত্র দেখানো হলো।



- ক. সংনম্যতা কী? ১  
খ. কোন বস্তুর অসহ পীড়ন  $11.5 \times 10^7 \text{ Nm}^{-2}$  বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২  
গ. সর্বোচ্চ কত ভরের বস্তু  $1 \text{ m}$  তারের সাথে বেঁধে ঝুলানো যাবে? ৩  
ঘ. কোন তারের ভার নেয়ার সামর্থ্য বেশি— গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৭ ▶  $12 \text{ Nm}^{-1}$  এবং  $6 \text{ Nm}^{-1}$  বল ধ্রুবক বিশিষ্ট দুটি স্প্রিংকে হিমু শ্রেণি এবং শুভ্র সমান্তরাল সমবায়ে সজ্জিত করে। উভয়ক্ষেত্রে  $500 \text{ gm}$  ভরের বস্তু ঝুলিয়ে কম্পাঙ্ক এবং সম্বন্ধিত শক্তি নির্ণয় করে।

- ক. দশা কী? ১  
খ. সকল সরল ছন্দিত গতিই পর্যাবৃত্ত কিন্তু সকল পর্যাবৃত্ত গতি সরল ছন্দিত নয়— ব্যাখ্যা কর। ২  
গ. হিমুর সজ্জিত সমবায়ে স্প্রিং এর প্রসারণ নির্ণয় কর। ৩  
ঘ. হিমু এবং শুভ্র মধ্যে কে অধিক দোলনকাল পাবে? উদ্দীপকের আলোকে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶  $98 \text{ gm}$  ভরের হিলিয়াম গ্যাস দ্বারা পূর্ণ একটি সিলিন্ডারের আয়তন  $5 \text{ m}^3$  এবং অভ্যন্তরের তাপমাত্রা  $27^\circ \text{ C}$ । অপর একটি অর্ধেক আয়তনের কোনো সিলিন্ডার পূর্ণ অজানা গ্যাসের একই তাপমাত্রায় মূল গড়বর্গ বেগ হিলিয়াম গ্যাসের  $\frac{1}{\sqrt{2}}$  গুণ।

- ক. শিশিরাক্ক কাকে বলে? ১  
খ. একই তাপমাত্রায় কক্সবাজারের তুলনায় ঢাকায় বেশি স্বস্থিবোধ করে কেন? ২  
গ. হিলিয়ামপূর্ণ গ্যাস সিলিন্ডারের অভ্যন্তরের চাপ নির্ণয় কর। ৩  
ঘ. অজানা গ্যাসটির পরিচয় উদ্দীপকের আলোকে গাণিতিকভাবে যাচাই কর। ৪

## শহিদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 7 4


সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

## পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]


১ ▶



চিত্রে চারটি সমতলীয় ভেক্টর O বিন্দুতে ক্রিয়াশীল রয়েছে।

- ক. কার্ল এর সংজ্ঞা দাও। ১
- খ. সমান ভরের দুটি বস্তুর মধ্যে স্থিতিস্থাপক সংঘর্ষ হলে বস্তু দুটি বেগ বিনিময় করে— ব্যাখ্যা কর। ২
- গ.  $\vec{F}_1$  ও  $\vec{F}_2$  ভেক্টর দুটি একটি ত্রিভুজের দুটি বাহু নির্দেশ করলে ত্রিভুজটির তৃতীয় বাহুটি নির্ণয় কর। ৩
- ঘ.  $\vec{F}_1$ ,  $\vec{F}_2$ ,  $\vec{F}_3$  ও  $\vec{F}_4$  ভেক্টর চারটির মিলিত ফল কোন দিকে ক্রিয়া করবে?—গাণিতিক বিশ্লেষণপূর্বক মন্তব্য কর। ৪
- ২ ▶ একজন মাঝি 5 km প্রস্থ নদীতে নৌকা চালানোর সময় দেখলেন যে, স্রোতের অনুকূলে গতিবেগ 18 km h<sup>-1</sup> এবং প্রতিকূলে গতিবেগ 6 km h<sup>-1</sup>। মাঝি তার অভিজ্ঞতা কাজে লাগিয়ে সোজা অপর পাড়ে পৌঁছালেন। ফেরার পথে সময় কম থাকায় নৌকার বেগ দ্বিগুণ করলেন এবং সোজা পাঁড়ে ফিরলেন।
- ক. চক্রগতির ব্যাসার্ধ কাকে বলে? ১
- খ. দেখাও যে, স্প্রিং বল একটি সংরক্ষণশীল বল। ২
- গ. যাওয়ার সময় নৌকার লব্ধি বেগ কত ছিল? ৩
- ঘ. ফেরার পথে মাঝি 15 মিনিটের কম সময়ে পাঁড়ে ফিরেছিলেন— গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪
- ৩ ▶ একজন সার্কাসের খেলোয়াড় 50 cm দীর্ঘ সুতার এক প্রান্তে 100 gm ভরের একটি বস্তুকে ঝেঁবে উলম্বতলে প্রতি মিনিটে 120 বার ঘুরাচ্ছেন। পরে তিনি সুতার দৈর্ঘ্য 10% কমিয়ে এবং প্রতি মিনিটে ঘূর্ণন সংখ্যা 5% বৃদ্ধি করে বস্তুটিকে অনুভূমিক তলে ঘোরাতে থাকেন।
- ক. আয়ত একক ভেক্টর কী? ১
- খ. ঘোড়ার গাড়ি কীভাবে গতিপ্রাপ্ত হয়? ব্যাখ্যা কর। ২
- গ. বস্তুটি যখন উলম্ব তলের সর্বনিম্ন বিন্দুতে অবস্থান করে তখন সুতার টান নির্ণয় কর। ৩
- ঘ. উলম্বতলে ও অনুভূমিক তলে ঘোরানোর সময় বস্তুর কৌণিক ভরবেগ সমান হবে না – গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৪ ▶ 2 kg ভরের একটি ব্লককে স্থির অবস্থায় 40 cm উচ্চতা হতে একটি স্প্রিং এর উপর ফেলে দেওয়া হলো। স্প্রিংটির বল ধ্রুবক 1960 Nm<sup>-1</sup>। স্প্রিংটি সর্বাধিক সংকুচিত হবে 10 cm।



- ক. টর্ক কাকে বলে? ১
- খ. একটি মোটর সাইকেল ও একটি প্রাইভেট কারের ভরবেগ সমান হলে কোনটির গতিশক্তি বেশি হবে? ব্যাখ্যা কর। ২
- গ. স্প্রিংটিকে স্পর্শ করার সময় ব্লকটির বেগ কত? ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত শেষোক্ত উক্তিটির বক্তব্য গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ 120 kg ভরের একটি কৃত্রিম উপগ্রহকে ভূপৃষ্ঠ থেকে একটি নির্দিষ্ট উচ্চতায় তুলে 7.74 km/s বেগ প্রদান করা হলো। [পৃথিবীর ভর ও ব্যাসার্ধ  $6 \times 10^{24}$  kg ও  $6.4 \times 10^6$  m এবং  $G = 6.67 \times 10^{-11}$  Nm<sup>2</sup> kg<sup>-2</sup>,  $g = 9.8$  m/s<sup>2</sup>]
- ক. মহাকর্ষীয় ধ্রুবক কাকে বলে? ১
- খ. “পৃথিবীর কেন্দ্রে ‘g’ এর মান শূন্য” – ব্যাখ্যা কর। ২
- গ. কৃত্রিম উপগ্রহটি কত উচ্চতায় রাখা হয়েছিল? ৩
- ঘ. কৃত্রিম উপগ্রহটিতে সৃষ্ট গতিশক্তি কি বহির্বিশ্বে পাঠানোর জন্য পর্যাপ্ত? গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৬ ▶ একটি তারের দৈর্ঘ্য 2 m এবং ব্যাস 1 mm। তারটির উপর 10 N বল প্রয়োগ করার ফলে এর দৈর্ঘ্য 0.12732 mm বৃদ্ধি পায়।
- ক. পয়সনের অনুপাত কাকে বলে? ১
- খ. অ্যালুমিনিয়ামের দৃঢ়তার গুণাঙ্ক  $2.6 \times 10^{10}$  Nm<sup>-2</sup> বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের তারটির ইয়ং গুণাঙ্ক নির্ণয় কর। ৩
- ঘ. “তারটির প্রসারণে মোট কৃতকাজ এর একক আয়তনে সঞ্চিত শক্তি অপেক্ষা অধিক” – গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উক্তিটির সত্যতা যাচাই কর। ৪
- ৭ ▶ অত্যধিক ঠান্ডার কারণে ‘A’ স্থানে একটি সেকেন্ড দোলকের দোলনকাল এমনভাবে পরিবর্তিত হলো যে, এটি দিনে 10 sec দ্রুত চলে। পরে দোলকটিকে একই তাপমাত্রায় অপর একটি স্থান ‘B’ তে নেয়া হলো। A স্থানের চেয়ে B স্থানের অভিকর্ষজ ত্বরণ 10% কম। [ $g = 9.8$  m/s<sup>2</sup>]
- ক. অসহ পীড়নের সংজ্ঞা দাও। ১
- খ. চার্লসের সূত্র থেকে কীভাবে পরম তাপমাত্রার সংজ্ঞা পাওয়া যায়? ব্যাখ্যা কর। ২
- গ. A স্থানে দোলকটির পরিবর্তিত দোলনকাল বের কর। ৩
- ঘ. ‘B’ স্থানে দোলকটিকে সেকেন্ড দোলক হিসাবে ব্যবহারের জন্য কী পরিবর্তন করতে হবে? গাণিতিকভাবে ব্যাখ্যা দাও। ৪
- ৮ ▶ 56 gm নাইট্রোজেন গ্যাস পূর্ণ একটি বুদ্ধদুদ, একটি হ্রদের তলদেশ থেকে পৃষ্ঠে আসার ফলে এর ব্যাসার্ধ দ্বিগুণ হয়ে যায়। বায়ুমণ্ডলীয় চাপ 10 m উচ্চতার পানি চাপের সমান। [ $g = 9.8$  m/s<sup>2</sup>]
- ক. আপেক্ষিক আর্দ্রতা কাকে বলে? ১
- খ. শক্তির সমবিভাজন নীতি বিবৃত ও ব্যাখ্যা কর। ২
- গ. তাপমাত্রা ধ্রুব বিবেচনা করে হ্রদের গভীরতা নির্ণয় কর। ৩
- ঘ. পৃষ্ঠে 27°C তাপমাত্রায় 100 cm<sup>3</sup> আয়তনের নাইট্রোজেন গ্যাস দ্বারা কতগুলো বেবুন পূর্ণ করা যাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

## রাজশাহী কলেজ

বিষয় কোড : 174

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

## পদার্থবিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ তিনটি ভেক্টর রাশি যথাক্রমে  $\vec{A} = 4\hat{i} + 3\hat{j} + 5\hat{k}$ ;  $\vec{B} = 2\hat{i} + \hat{j} + 2\hat{k}$

এবং  $\vec{C} = x^2\hat{i} + y^2\hat{j} + z^2\hat{k}$ .

ক. অপারেটর কী? ১

খ. ব্যাসার্ধ ভেক্টর সীমাবদ্ধ ভেক্টর কিনা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের  $\vec{A}$  ও  $\vec{B}$  ভেক্টরদ্বয়ের লম্ব দিকে একক ভেক্টর নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের  $\vec{C}$  ভেক্টরের কার্লে'র ডাইভারজেন্স শূন্য হবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ একজন সাইকেল আরোহী ও একজন মোটরসাইকেল আরোহী যথাক্রমে  $10 \text{ km h}^{-1}$  ও  $60 \text{ km h}^{-1}$  বেগে একটি রাস্তার বাঁক অতিক্রম করছে। বাঁকের ব্যাসার্ধ  $50 \text{ m}$ , অভিকর্ষজ ত্বরণ  $10 \text{ m s}^{-2}$ .


ক. কেন্দ্রমুখী বল কাকে বলে? ১

খ. কৌণিক গতিশক্তি ও রৈখিক গতিশক্তির মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। ২


গ. উদ্দীপকের কোন আরোহীকে বেশি কোণে হেলতে হবে নির্ণয় কর। ৩

ঘ. কোনো কোণে না হলে বাঁকা রাস্তায় গাড়ি চালানো সম্ভব কিনা গাণিতিক বিশ্লেষণ করে যাচাই কর। ৪

৩ ▶ নিচে সমতল রাস্তায় দুটি মোটর গাড়ির বেগ বনাম সময় লেখচিত্র দেখানো হলো। গাড়ি দুটির ভর যথাক্রমে  $500 \text{ kg}$  ও  $320 \text{ kg}$ । উভয় গাড়ির চাকা ও রাস্তার ঘর্ষণজনিত বল  $120 \text{ N}$ .



মোটর গাড়ি-১



মোটর গাড়ি-২

ক. টর্ক কাকে বলে? ১

খ. বালির উপর দিয়ে হাঁটা কষ্টকর কেন ব্যাখ্যা কর। ২

গ. ১ম মোটর গাড়ি  $5 \text{ s}$  এ কত দূরত্ব অতিক্রম করে নির্ণয় কর। ৩

ঘ. গাড়ি দুটি কর্তৃক প্রযুক্ত বলের তুলনা করে তোমার মতামত দাও। ৪

৪ ▶ একটি পানিপূর্ণ কুমার গভীরতা  $20 \text{ m}$  ও ব্যাস  $2 \text{ m}$ . কুয়াটিকে পানিশূন্য করার জন্য  $5 \text{ HP}$  এর একটি পাম্প লাগানো হলো। অর্ধেক পানি তোলার পর পাম্পটি নষ্ট হয়ে গেল। বাকি পানি তোলার জন্য একই ক্ষমতাসম্পন্ন আরেকটি পাম্প লাগানো হলো।

ক. স্প্রিং প্রকবক কাকে বলে? ১

খ. ঘর্ষণ বল অসংরক্ষণশীল বল কেন?— ব্যাখ্যা কর। ২

গ. প্রথম পাম্প দ্বারা সম্পাদিত কাজের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. প্রথম ও দ্বিতীয় পাম্প দ্বারা পানি তুলতে একই সময় লাগবে কিনা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

৫ ▶  $120 \text{ kg}$  ভরের একটি কৃত্রিম উপগ্রহকে ভূপৃষ্ঠ হতে একটি নির্দিষ্ট উচ্চতায় তুলে তার মধ্যে  $3.6 \times 10^9 \text{ Joule}$  গতিশক্তি সঞ্চয়িত করা হলো। পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে  $6 \times 10^{24} \text{ kg}$  এবং  $6.4 \times 10^6 \text{ m}$ ,  $G = 6.6 \times 10^{-11} \text{ Nm}^2 \text{ kg}^{-2}$ ,  $g = 9.8 \text{ m s}^{-2}$ .

ক. পড়ন্ত বস্তু কাকে বলে? ১

খ. ভিন্ন উচ্চতা থেকে পড়ন্ত বস্তুর অভিকর্ষীয় ত্বরণ সুসম থাকে না কেন— ব্যাখ্যা কর। ২

গ. উপগ্রহটি ভূপৃষ্ঠ হতে কত উচ্চতায় আছে? ৩

ঘ. গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর যে, সঞ্চয়িত গতিশক্তি উপগ্রহটিকে বহির্বিশ্বে পাঠানোর জন্য পর্যাপ্ত নয়। ৪

৬ ▶ কোনো সুউচ্চ পাহাড়ে নিয়ে যাওয়ায় একটি সরলদোলক  $10$  ঘণ্টায়  $11990$  টি পূর্ণ দোলন সম্পন্ন করলো। কিন্তু ভূপৃষ্ঠে দোলকটি  $3 \text{ s}$ -এ একটি পূর্ণ দোলন সম্পন্ন করে। পৃথিবীর গড় ব্যাসার্ধ  $6400 \text{ km}$  এবং সর্বোচ্চ শৃঙ্গে এভারেস্টের উচ্চতা  $8.854 \text{ km}$ .

[ভূপৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ  $9.8 \text{ m s}^{-2}$ ]

ক. স্থানিক পর্যাবৃত্ত কাকে বলে? ১

খ. গ্রীষ্মকালে দোলক ঘড়ি ধীরে চলে কেন— ব্যাখ্যা কর। ২

গ. সরলদোলকটির কার্যকর দৈর্ঘ্য নির্ণয় কর। ৩

ঘ. পাহাড়টি এভারেস্টের তুলনায় কত উচ্চ বা নিচু ছিল তা গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৭ ▶ রতন কলেজের গ্রীষ্মের ছুটি কাটাতে দাদার বাড়িতে বেড়াতে গিয়ে ধাতব পেডুলামযুক্ত একটি দেয়াল ঘড়ি দেখতে পেল যার পেডুলামটি  $1 \text{ s}$  সময়ে বাম দিক হতে ডান দিকে যায়। ঘড়িটিকে পাহাড়ের চূড়ায় নিয়ে গেলে  $120 \text{ s}$  সময় হারায়। [পৃথিবীর ব্যাসার্ধ  $R = 6450 \text{ km}$ ,  $g = 9.8 \text{ m/s}^2$ ]

ক. সরল ছন্দিত স্পন্দন কাকে বলে? ১

খ. পৃথিবীর কেন্দ্রে সরল দোলকের দোলনকাল কীভাবে হবে— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে পাহাড়ের উচ্চতা কত? ৩

